ব্যবস্থা করে থাকে। পৌরসভা এবং স্থানীয় জনগণের এক চমৎকার অংশগ্রহন ও পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে তারা পরিবেশের এই সাম্যাবস্থা বজায় রেখে চলেছে। এই ব্যবস্থার প্রতিটি অংশীদার এবং কর্তা তাদের নিজ নিজ ভূমিকা যথাযথভাবে পালনের ফলে এখনও পর্যন্ত স্যামরং খালের পরিবেশগত ক্ষয়ের কোনও নমুনা দেখা যায় না।

মনুষ্য বর্জ্যসহ সকল প্রকার তরল ও অর্ধ তরল বর্জ্য নিস্কাশনের জন্য পানির উপরে স্থাপিত প্রতিটি দোকান এবং বাড়িঘরে টেকসই ধাতু এবং প্লাস্টিকের পাইপ রয়েছে। এবং পৌরসভা থেকে একটি নৌকা প্রতিসকালে সকল দোকান এবং খালের পাশের ঘর থেকে জঞ্জাল এবং আবর্জনা সংগ্রহ করে। স্থানীয় কর্তৃপক্ষের এই উদ্যোগে জনগণ প্রচুর উৎসাহের সাথে সহযোগিতা করে। তারা আগের দিনের আবর্জনা প্লাস্টিকের ব্যাগে বস্তাবন্দী রাখে এবং পরের দিন সকালে এই নৌকায় সরবরাহ করে।

wastes are threatening for the ecology of the canal.


The people of this settlement are maintaining a customized system (infrastructural and non-infrastructural) for organizing their wastes. Stakeholders and actors from different level including municipality or local people all are playing their respective role actively and responsibly. As a result, there is no sample of the environmental degradation of the Samarang Canal yet.

For sludge and all other liquid waste there are dedicated sustainable metal and plastic pipes to transfer them to respective plants. And a boat from municipality collect trashes and garbage from each shops and houses of canal side in every morning. People cooperate with great enthusiasm to this initiative of local authority. They keep the trashes of previous day packed with plastic bag and supply them to this boat at the next morning.






বর্জ্য ব্যবস্থাপনা (waste management)




ভাসমান স্থাপনায় বর্জ্য ব্যবস্থাপনার চিত্রায়ন
(Sectional view of waste management at floating built form)


খাবারের দোকান
(food store)
খাবারের দোকান
(food store)
দোকানদারি
(shopkeeping)
অঙ্গসংবাহন
(massage)
নাস্তা বিক্রয়
(snacks vending)
বিশ্রাম
(resting)
কেনাকাটা
(shopping)
ছোট খাবারের দোকান
(small food store)
দর্জির কাজ
(tailor work)
(astronomy)
কেনা কাটা
(shopping)
বাচ্চাদের স্কুলে যাওয়া
(school going kids)

## ৪.৪.৩ নদী ভিত্তিক পরিকল্পনা এবং সংলগ্ন অবকাঠামো ও স্থান বিন্যাসের মানচিত্র
## 4.4.3 Map of river based planning and adjoining infrastructure and space formation

স্থানীয় মানুষ বিভিন্ন ধরনের খাল-ভিত্তিক পেশায় জড়িত। কেউ কেউ নৌকাচালক হিসাবে কাজ করে এবং বিভিন্ন জায়গা থেকে বাজারে মানুষ ও মালামাল পরিবহন করে। আবার কেউবা কেবলমাত্র যাত্রীদের খালের একপাড় হতে অন্যপাড়ে আনা নেয়া করে। কখনও কখনও পর্যটকদের নৌকায় করে স্থানীয় মানুষের খাল-ভিত্তিক জীবনব্যাবস্থা উপভোগ করতে দেখা যায় এবং অবশ্যই এই বাজারের স্থানীয় ও বহিরাগত ক্রেতা-বিক্রেতারা পণ্য আমদানি-রপ্তানি করার জন্য খাল ব্যবহার করে। কিছু কিছু স্থায়ী ও অস্থায়ী খাবারের বিপনি রয়েছে যারা তাদের গ্রাহককে আপ্যায়ন করার জন্য খালের পানির পাশে বসার ব্যবস্থা করে এবং তাদের খাবার ও পানীয় সরবরাহ করে।

The local people are engaged different type of canal-oriented professions. Some work as the boatman and transport people and goods to and from the market or just to ferry passengers across the canal. Sometimes the tourists are found to enjoy the essence of this canal-based settlement through a ride by those boats. And obviously the permanent and temporary shopkeepers and vendors of this market also are quite dependent on the canal directly and indirectly. They use the canal for importing their goods. There are some restaurants and kiosks who entertain their customer by arranging seating by the side of the water and serving foods and drinks to them.





জন পারাপার
(ferrying people
over the canal)
দোকান ও বাড়ি থেকে
ময়লা সংগ্রহ
(collecting garbage
from shops and
houses)
জন পারাপার
(ferrying people
over the canal)
মাছ ধরা
(fishing)
উদ্যান পালন
(gardening)
ভাসমান দোকান
(floating shops )
ভাসমান দোকান
(floating shops )
জন পারাপার
(ferrying people
over the canal)

## ৪.৪.৪ মানুষ ও নদীর মিথস্ক্রিয়ায় সহজাত জীবিকা ব্যবস্থা বিন্যাসের মানচিত্র

## 4.4.4 Map of indigenous livelihood formation inherent into human-nature interaction

স্থানীয় মানুষ বিভিন্ন ধরনের খাল-ভিত্তিক পেশায় জড়িত। কেউ কেউ নৌকাচালক হিসাবে কাজ করে এবং বিভিন্ন জায়গা থেকে বাজারে মানুষ ও মালামাল পরিবহন করে। আবার কেউবা কেবলমাত্র যাত্রীদের খালের একপাড় হতে অন্যপাড়ে আনা নেয়া করে। কখনও কখনও পর্যটকদের নৌকায় করে স্থানীয় মানুষের খাল-ভিত্তিক জীবনব্যাবস্থা উপভোগ করতে দেখা যায় এবং অবশ্যই এই বাজারের স্থানীয় ও বহিরাগত ক্রেতা-বিক্রেতারা পণ্য আমদানি-রপ্তানি করার জন্য খাল ব্যবহার করে। কিছু কিছু স্থায়ী ও অস্থায়ী খাবারের বিপনি রয়েছে যারা তাদের গ্রাহককে আপ্যায়ন করার জন্য খালের পানির পাশে বসার ব্যবস্থা করে এবং তাদের খাবার ও পানীয় সরবরাহ করে।

The local people are engaged different type of canal-oriented professions. Some work as the boatman and transport people and goods to and from the market or just to ferry passengers across the canal. Sometimes the tourists are found to enjoy the essence of this canal-based settlement through a ride by those boats. And obviously the permanent and temporary shopkeepers and vendors of this market also are quite dependent on the canal directly and indirectly. They use the canal for importing their goods. There are some restaurants and kiosks who entertain their customer by arranging seating by the side of the water and serving foods and drinks to them.





(passing leisure time )
অবসর যাপন
রান্না
(cooking )
দেবতাদের অর্ঘ্য অর্পন
(offerings to gods )
বাচ্চা পালন
keeping babies )
পাটাতন
(Deck )
পাখি ও মাছদের খাবার প্রদান
(feeding birds and fishes )
বিদ্যালয় ছুটির পরে অবসর
(leisure after school )
অবসর যাপন
(passing leisure time )
গান বাজনার মাধ্যমে
ক্রেতাদের চিত্তবিনোদনের
(cheering customers
with music )
পরে অবসর
(leisure time during
break time of school )
নৌকা ভ্রমন
(boat trip)
খালের পাড়ের আড্ডা
(interactions by
the side of canal)


## ৪.৪.৫ নদী ভিত্তিক দৈনন্দিন জীবনব্যবস্থায় গড়ে ওঠা সামাজিক বন্ধন
## 4.4.5 Mapping of social bonds developed into river-based daily living system

ব্যাং ফ্লি পুরাতন বাজারের সংলগ্ন বসতির জনগনের স্যামরং খাল ভিত্তিক জীবন ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য তাদের মধ্যে গড়ে ওঠা সামাজিক বন্ধন। খালটিকে প্রাধান্য দিয়ে এমনভাবে এখানকার পরিকাঠামোগত উন্নয়ন সাধিত হয়েছে যে মানুষের প্রতিদিনের সামাজিক মিথস্ক্রিয়াকে এই জলাশয় তার প্রাকৃতিক আবহ দিয়ে প্রতিনিয়ত ত্বরান্বিত করে চলেছে। স্যামরং খালের পাড় ধরেই গড়ে উঠেছে মানুষের দৈনন্দিন জীবনে ব্যবহৃত সামাজিক স্থানগুলো। সেখানে তারা তাদের পরিবার, পরিজন ও প্রতিবেশী এমনকি বহিরাগতদের সাথে সামাজিক কার্যকলাপে অংশগ্রহন করে থাকে।

এই এলাকার মানুষের জীবন ব্যাবস্থার আরও একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক হল বিভিন্ন ধরনের মানুষের পারস্পরিক সহাবস্থান। লিঙ্গ ও অর্থনৈতিক বৈষম্যের লক্ষনীয় কমতি, সামাজিক তদারকি, পারস্পরিক নির্ভরতা, ঐতিহ্যগতভাবে ধারণকৃত রীতিনীতি এবং অনেকাংশে এখানকার মানুষদের অন্তরে ধর্মনিষ্ঠার কারনে বিকশিত নমনীয়তা বিভিন্ন পেশা ও বয়সের মানুষকে খুব সহজেই কাছে টেনে এনেছে। এই ক্ষেত্রে এখানকার অবকাঠামো তাদের অনেককালের এই জীবন ব্যবস্থাকে দিয়েছে এক অনন্যমাত্রা।

The most important feature Bang Phli is peoples' social bonding, based on the Samrong canal. The way infrastructural development has been taken place ackhnowledging the prominence of the canal, the natural ambience of this canal is accelarating the daily social interaction of local people. The social areas used in everyday life of the people have been formed on the banks of the Samrong canal. They participate in social activities with their families, relatives, neighbors and even outsiders.

Another important aspect of the people's life system of this area is the mutual co-existence of different types of people. The noticable deficiency of gender and economic inequalities, social supervision, mutual dependence, traditionally cultured customs and moslty the humility derived form the religious devotion of the local people are bringing people of different occupations and ages close to each other. In this case, the infrastructural organization of this place has given this life system a unique dimension.



## ৪.৫ প্রাপ্ত ফলাফলের উপর তুলনামূলক আলোচনা
## 4.5 Comparative discussions on Findings

ভৌগলিক অবস্থানের দিক দিয়ে থাইল্যান্ডের ব্যাং-ফ্লি ও বাংলাদেশের ফরিদপুর সদর প্রায় একই ধরনের বৈশিষ্ট্য বহন করে চলেছে। যা তার জলবায়ু, ভূ-প্রকৃতি ও অনেকাংশে এই সকল এলাকায় বসবাসকারী মানুষের জীবনপ্রনালীর উপর প্রত্যক্ষভাবে প্রভাব বিস্তার করেছে। দুইটি অঞ্চলের বৈশিষ্ট্যসমূহ কাছাকাছি হলেও থাইল্যান্ড অর্থনীতির উন্নয়নের দিক দিয়ে অনেক সামনে এগিয়ে গিয়েছে। যেখানে আমরা বর্তমানে এই উন্নয়নের ধারায় পৃথিবীর তৃতীয় বিশ্বের সবথেকে দ্রুত উন্নয়নশীল দেশের মধ্যে তৃতীয় অবস্থানে।

থাইল্যান্ডের ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, এই অঞ্চল কখনোই কোন বহিঃ উপনিবেশের প্রভাব বা অন্তর্ভুক্ত এলাকার মধ্যে ছিল না। তাই উন্নয়নের জন্য যখন কোন পরিকল্পনা নেওয়া হয়েছে, তা সাভাবিকভাবেই মূল উন্নয়নের উপাদানসমূহকে ধারন করতে পেরেছে। এরই ধারাবাহিকতায় সকল ক্ষেত্রে দেশীয় ঐতিহ্য ও সংস্কৃতিকে তারা উন্নয়নের পদক্ষেপের জন্য মূল উপকরণ হিসাবে প্রাধান্য দিতে পেরেছে। যার ফলে শুধু অর্থনীতিকে নিয়ে না ভেবে একই সাথে পরিবেশ ও সামাজিক অবস্থানকে ঐতিহ্যগতভাবে ধারন করে উন্নয়ন পদক্ষেপসমূহ নিতে পেরেছে। যার ফলে তাদের সামাজিক স্থান বিন্যাস ও তার অনুশীলন সময়ের চাহিদার সাথে তাল মিলিয়ে সামনের দিকে এগিয়ে গেছে।

যেখানে বাংলাদেশর কথা পর্যালোচনা করলে দেখা যায়, প্রাকৃতিক সম্পদে ও ঐতিহ্যে সমৃদ্ধ এই দেশ সবসময় অন্য সকল উন্নত দেশের জন্য অনেক বেশী আকর্ষণীয় ক্ষেত্র ছিল। যার ফলে অনেক উন্নত দেশ এই দেশে তাদের উপনিবেশ তৈরি করেছে। উপনিবেশ দেশগুলোর মূল উদ্দেশ্যই ছিল এই অঞ্চল থেকে সম্পদ ও অর্থনীতির যোগান তাদের দেশে নিয়ে যাওয়া। যে কারনে তারা যখনই কোনপ্রকার উন্নয়নের ভাবনা ভেবেছে তা হয়েছে শুধুমাত্র অর্থনীতি কেন্দ্রিক। কারন বাকি দুইটি দিক যথা সামাজিক উন্নয়ন ও পরিবেশগত উন্নয়নকে যদি প্রাধান্য দেওয়া হত, তাহলে শুধুমাত্র অর্থনৈতিক শোষণ সম্ভব ছিল না। যেহেতু শতশত বছরের উপনিবেশিক কার্যকলাপ বহুদিন ধরে ঐতিহ্যগত সামাজিকতাকে প্রাধান্য দেয়নি তাই, বর্তমানে আমরা উন্নয়ন বলতে শুধুই অর্থনীতিকে বুঝি যার কারনে কখনোই উন্নয়ন পদক্ষেপগুলো সমন্বিত ও সংবেদনশীল হয়নি এবং এখানেই থাইল্যান্ড সামগ্রিক উন্নয়নের দিকে অনেক ধাপ এগিয়ে গেছে।

From the geographical perspective, Bang-Phli, Samutprakan of Thailand and Faridpur Sadar of Bangladesh are carrying the similar characteristics. This has directly influenced its climate, the geology and the vast majority of people living in these areas. Although the characteristics of two places are closer but Thailand already has moved forward in terms of economic development. From the development perspective we are currently in the third position among the fastest developing countries of the third world.

Looking at the history of Thailand, it has been seen that this region was never within the boundaries of any outsider. So, when a plan is taken for development, it can generally capture the elements of development. From this perspective, they have given local tradition and culture in all fields as the key ingredient for developmental steps. As a result, it has traditionally been able to take development steps by adopting environment and social status simultaneously without only considering the economy. As a result, their social positions and practice have progressed forward in line with the need of time.

Wherever Bangladesh is always become an area of interest for the other countries for its natural resources and heritage. As a result, many developed countries have made their colonies in this country. The main objective of the colonizer countries was to bring the resources and economics to their country from this region. If the environmental and social development gone for focus then the economic exploitation could not be possible. Now we only understand the development in the name of economic growth which was practiced from hundreds years of colonization and has not given priority to indigenous knowledge of socialization and practice. Because of the development steps have never been integrated and sustainable. And here in Thailand is

বর্তমানে বাংলাদেশ তার পথচলার এমন এক সন্ধিক্ষণে উপনীত হয়েছে, যেখানে সত্যিকারের সামগ্রিক উন্নয়নের ভাবনার জন্য সকল প্রকার উপকরণই প্রস্তুত আছে। দরকার শুধু নিজের ঐতিহ্যকে জেনে, সময় উপযোগী ধারনাকে নিয়ে সামনে এগিয়ে যাওয়ার।

going ahead in development containing all of social, economic, and environmental growth.

At present, Bangladesh has reached such a moment, where all types of equipments are ready for enhancing the overall development. It is the time to know own traditions, culture and social considerations for further development which is the demand of time.

পঞ্চম অধ্যায়
Chapter five

# গ্রাম-নগর বসতি রূপকল্পঃ একটি প্রেক্ষিত সংবেদনশীল তত্ত্ব

# Envisioning Ru-Ban Settlements : A Contextual Model

## ৫ গ্রাম-নগর বসতি রূপকল্পঃ একটি প্রাক্ষিত সংবেদনশীল তত্ত্ব

৫.১ গ্রাম-নগর বসতি রূপকল্পঃ একটি প্রাক্ষিত সংবেদনশীল তত্ত্ব ৮৭
৫.১.১ গ্রাম-নগর ভাবনার রাজনৈতিক প্রেক্ষাপট
৫.১.২ গ্রাম-নগর দর্শন
৫.১.৩ গ্রাম-নগরের মূলনীতি
৫.১.৪ গ্রাম-নগর পন্থা
৫.১.৫ গ্রাম-নগর পরিকল্পনা প্রক্রিয়া
৫.১.৬ প্রচলিত পরিকল্পনা প্রক্রিয়ায় সংযোজনসমূহ
৫.১.৭ গ্রাম-নগর নীত নির্দেশনা

# 5 Envisioning Ru-Ban Settlements : A Contextual Model


5.1 Envisioning Ru-Ban Settlements: A Contextual Model 87

5.1.2 The Political Basis of Ru-Ban

5.1.3 Ru-Ban Principles

5.1.4 Ru-Ban Approach

5.1.5 Ru-Ban Planning Process

5.1.6 Overview of Changes to Traditional Planning Process

5.1.7 Ru-Ban Policy Guidelines

## ৫.১ গ্রাম-নগর বসতি রূপকল্পঃ একটি প্রেক্ষিত সংবেদনশীল তত্ত্ব

## 5.1 Envisioning Ru-Ban Settlements: A Contextual Model

এই পরিচ্ছদে সংবেদনশীল বসতি গড়ে তোলার জন্য উদ্ভাবিত গ্রাম-নগর ভাবনাটি আলোচিত হয়েছে এবং এই ভাবনার আলোকে কুমার নদ তীরবর্তী বসতির পুনরুজ্জীবনের জন্য প্রস্তাবিত ভৌত পরিকল্পনা ও নকশা পরবর্তী পরিচ্ছদে উপস্থাপিত হয়েছে। পূর্ববর্তী অধ্যায় হতে (পরিচ্ছদ ১ এবং ৪ এ উপস্থাপিত) লব্ধ তাত্ত্বিক এবং ব্যবহারিক জ্ঞানের আলোকে MscHS অঙ্কন শালা মনে করে বাংলাদেশের প্রেক্ষাপটে সংবেদনশীল বসতি ধরে রাখতে পাশ্চাত্য ঘরানার পরিকল্পনা প্রক্রিয়া আদৌও সংবেদনশীল নয়। এই উপলব্ধি 'গ্রাম', 'শহর' এবং গ্রামের শহরে রূপান্তরের প্রচলিত ভাবনাকে নতুন ভাবে ভাববার ক্ষেত্র তৈরি করেছে। এই প্রেক্ষাপটে নতুন ভাবনার সূত্র ধরে MScHS অঙ্কন শালা গ্রাম-নগর তত্ত্বটি নির্মাণ করেছে যা গ্রামীণ বসতি পুনরুজ্জীবনের দর্শনগত, আদর্শিক, পন্থা ও পদ্ধতিগত কাঠামো প্রদান করে।

This section introduces the Ru-Ban (Rural-Urban) Model for sustainable settlements and proposed physical planning and design options towards re-vitalizing the social spaces along *Kumar Nod* in Faridpur *Sadar Upazila* in light of this model delineated in next section. Reflecting on the theoretical and empirical knowledge (reported in section 1 to section 4) gained to inform the planning process of Faridur *Sadar Upazila*, the design studio argues that, neither the western planning approaches nor the conventional approaches in practice since last seven decades in Bangladesh are sensible enough to ensure sustainability of human settlements. This insight necessitates to re-think the pre-conceived ideas regarding the notion of 'rural', 'urban', and urbanization of rural settlements. To this end, the MScHS Design Studio 2018 has constructed the Ru-Ban Model–a framework of philosophy, principles, approach, and process towards sustainable 'revitalization' of rural settlements.

### ৫.১.১ গ্রাম-নগর ভাবনার রাজনৈতিক প্রেক্ষাপট

### 5.1.1 The Political Basis of Ru-Ban

বাংলাদেশের উন্নয়ন পরিকল্পনার ইতিহাসে গ্রামীণ বসতি কখনোই যথাযথ গুরুত্ব পায়নি। অতীতের ১৯৫০ সালের ভূমিস্বত্ব ও অধিগ্রহণ আইন এবং সাম্প্রতিক কালের ২০০১ সালের জাতীয় ভূমি ব্যবহার নীতিমালায় কৃষি জমি ব্যবহার সঙ্ক্রান্ত অল্পকিছু নীতিমালা উল্লেখযোগ্য (**আলম, আসাদ এবং কবির ২০১৬**)। সদ্য স্বাধীন দেশে, ১৯৭৫ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান প্রথমবারের মত গ্রাম কেন্দ্রিক উন্নয়ন দর্শন ঘোষণা করেন, যার ভিত্তি ছিল গ্রাম পর্যায়ে স্থাপিত গণমুখী, জনসম্পৃক্ত এবং জনগণের দ্বারা পরিচালিত প্রাতিষ্ঠানিক কাঠামো (ইসলাম ২০১৭)। এই উন্নয়ন দর্শনের ফসল 'সমবায়ী গ্রাম' নির্ভর জাতীয় উন্নয়ন। দুঃখজনকভাবে ১৯৭৫ সালে বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডের ফলে এই গ্রাম ভিত্তিক উন্নয়ন দর্শনেরও অপমৃত্যু ঘটে। পরবর্তীতে বিভিন্ন সরকারের শাসন আমলে গ্রাম পর্যায়ে প্রাতিষ্ঠানিক কাঠামো গঠনের উদ্যোগ নেয়া হয় যেমন - ১৯৮০ সালে 'স্বনির্ভর গ্রাম সরকার' বিধিমালা, ১৯৯৭ সালে 'স্থানীয় সরকার আইন' এবং ২০০৩ সালে 'গ্রাম সরকার আইন' প্রণীত হয়; যার কোনটিই রাজনৈতিক ঘাত প্রতিঘাতের কারণে বাস্তবায়িত

In the policy context of Bangladesh, physical planning of rural settlements has never been given due attention, except the 1950 State Acquisition and Tenancy Act, and recently the 2001 National Land Use Policy have feebly touched upon the land reform strategies by acknowledging the restriction of agricultural land against non-farm purposes (Alam, Asad, and Kabir 2016). Soon after independence, in 1975, Bangabondhu Sheikh Mujibor Rahman declared a village-centric development strategy that, for the first time, attempted to introduce an 'inclusive', 'participatory' and 'bottom-up' institutional structure at village level (Islam 2017). This strategy led to a program called "cooperative village" (সমবায়ী গ্রাম), a breakthrough in the way villages have been incorporated in the development process of this country. The program came to its demise with the brutal assassination of Bangabondhu in the same year.

হয়নি। যার ফলে আশি হাজার গ্রামের বাংলাদেশে এখনও পর্যন্ত গ্রাম পর্যায়ে কোনও প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে ওঠেনি (ইসলাম ২০১৭)। প্রাতিষ্ঠানিক কাঠামোর অনুপস্থিতির কারণে গ্রামীণ শুদ্ধতার পন্যায়নের মাধ্যমে রূপান্তর প্রক্রিয়া থেমে থাকেনি (সেলিম ২০১৮b)।

এই অসুস্থ রূপান্তর নিয়ন্ত্রণ করে গ্রামীণ শুদ্ধতার গুণাবলি রক্ষার্থে বর্তমান সরকার 'আমার গ্রাম আমার শহর' শীর্ষক গ্রাম উন্নয়ন দর্শন ঘোষণা করেছে। মাননীয় প্রধানমন্ত্রী গ্রামকেই সুখী এবং সমৃদ্ধশালী জীবনের ধারক হিসাবে অভিহিত করেছেন এবং গ্রামীণ বসতিতে আধুনিক নগর জীবনের পরিসেবা, অবকাঠামো এবং সুযোগ সুবিধা পৌঁছে দেয়ার মাধ্যমে এই দর্শনকে বাস্তবায়নের অঙ্গীকার করেছেন (স্টাফ-রিপোর্টার ২০১৯b, হক ২০১৯)।এটি গ্রামীণ পটভূমিতে বেড়ে ওঠা প্রধানমন্ত্রীর আশৈশব লালিত গ্রামীণ সৌন্দর্য ও মায়া মমতার প্রতি গভীর মমত্ববোধের দার্শনিক উপস্থাপন(হাসিনা ১৯৮৬)।

প্রধানমন্ত্রী বরাবরই গ্রামের সামাজিক, সাংস্কৃতিক, মনস্তাত্ত্বিক এবং পরিবেশের প্রতি সংবেদনশীল সামগ্রিক উন্নয়নে গুরুত্ব আরোপ করেছেন (হাসিনা ২০১৭ , স্টাফ-রিপোর্টার ২০১৯a)। প্রধানমন্ত্রীর নির্দেশনায় বর্তমান সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান সমূহ ইতিমধ্যেই বাস্তবায়নের প্রক্রিয়া শুরু করেছে (স্টাফ- রিপোর্টার ২০১৯b)।

[1] This has been the very first key point in the ruling political party *Awami League*'s 21-point pledge of the 2018 election manifesto titled "Bangladesh on March towards Prosperity".

Afterwards, several initiatives were taken to establish village-centric institutional structure, for instance – formulation of "Independent Village Government" (স্বনির্ভর গ্রাম সরকার) in 1980; "Local Government Law" (স্থানীয় সরকার আইন) in 1997; "Village Government Law" (গ্রাম সরকার আইন) in 2003 by the successive political governments. But none of these initiatives could come to reality due to changes in regime followed by political rivalry. As a result, despite being a land of agrarian rural settlements of more than eighty thousand villages, until now, there exists no institutional structure at village level (Islam 2017). Notwithstanding the absence of institutional structure, economic development-led transformation of villages is the reality - a regressive reality of converting 'rural' qualities into mere 'urban' commodities(সেলিম ২০১৮b).

In order to control such unhealthy transformation and ensure healthy development of rural areas, the present government has declared its vision of rural development in terms of "My Village-My Town" (আমার গ্রাম-আমার শহর)[1]. The Prime Minister has placed villages at the heart of the notion of happy and prosperous way-of-life, and has pledged to materialize this vision through expansion of modern urban amenities and civic facilities to rural areas (স্টাফ-রিপোর্টার ২০১৯b, হক ২০১৯). It is in fact, a strategic expression of the Prime Minister's passion and feeling about the unique seasonal beauty of rural landscape, integrity of nature-human relationship, and love and affection of rural way-of-life, that had grown out of her childhood experience of living in a typical village of Bangladesh (হাসিনা ১৯৮৬).

The Prime Minister has always stressed on 'comprehensive' and 'total' development of rural areas, without disrupting the socio-cultural, psychological and environmental qualities of rural life . Accordingly, since the new government has been formed early this year, concerned government bodies have already started the process of planning and implementation of this vision integrating it with the national development planning and budgetary allocation (স্টাফ- রিপোর্টার ২০১৯b).

## ৫.১.২ গ্রাম-নগর দর্শন
## 5.1.2 The Philosophical Statement

গ্রাম-নগর ভাবনাটি মূলত এই প্রকাশনার সম্পাদকের মানব বসতিকে ঘিরে একটি প্রেক্ষিত সংবেদনশীল উপলব্ধি, যা তাঁর গত এক দশকেরও বেশি সময় ধরে গ্রামীণ জনপদের উপর পরিচালিত ধারাবাহিক গবেষণার মধ্য দিয়ে ধীরে ধীরে তৈরি হয়েছে। তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে বর্তমান সরকারের 'আমার গ্রাম আমার শহর' দর্শনকে তিনটি মৌলিক প্রশ্নের উত্তর খোজার মধ্যদিয়ে অনুধাবন করা হয়েছে।

প্রথমতঃ গ্রাম আসলে কি , দ্বিতীয়তঃ শহরই বা কি এবং তৃতীয়তঃ গ্রাম কেমন করে শহর বোনে যায় । এই তিন প্রশ্নের উত্তর খোজার মধ্য দিয়েই গ্রাম-নগর দর্শন একটি অর্থবহ রূপ লাভ করেছে।

**গ্রাম আসলে কি ?**

বাংলাদেশের ব-দ্বীপিয় ভূপরিসর জল-কাদা-গাছগাছালির বিচিত্র সমারোহ যা প্রায় প্রতি কিলোমিটারে ভিন্ন ভিন্ন রূপে বিকশিত (ব্রামার ২০১২,পারভিন এবং মোস্তফা ২০১০)। হাজার বছর ধরে এই ভূপরিসর হাজার হাজার বৈচিত্র্যপূর্ণ গ্রামে মানব বসতিকে ধারণ করে আছে (রায় ১৯৯৩, ইসলাম ২০১১, পারভিন এবং মোস্তফা ২০১০)। এই ভূপরিসরে গ্রামই আমাদের অস্তিত্বের মূল ধারক, যা কিনা জল-কেন্দ্রিক এই ব-দ্বীপিয় পরিসরে হাজার বছর ধরে মিলে মিশে আছে। এই গ্রামই আমাদের সংস্কৃতি, জীবনধারা এবং স্বক্ষমতার মূর্ত প্রকাশ (অমর্ত্য ২০১৬)। গ্রামের ইতিহাস তাই বাংলাদেশের মানুষের ইতিহাস (রায় ১৯৯৩, মোহাম্মদ ২০১৫)। এখানকার মানুষের আনন্দ-বেদনা, বেচে থাকার কাব্যগাথা মূলত প্রকৃতির বিশুদ্ধতা, বসতির সরলতা এবং গ্রামীণ সম্প্রীতি ও মর্যাদার সেতুবন্ধনে প্রতিনিয়ত ঋদ্ধ থেকে ঋদ্ধতর হয়েছে। গ্রামীণ স্বকীয়তা হাজার বছরের জন-জমি-জলের সম্পর্কের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। এই সম্পর্কের মধ্যদিয়ে বদ্বীপে মানুষের শেকড় গ্রথিত হয় এবং সামাজিক ও প্রাতিবেশিক যোগাযোগের বিস্তার ঘটে (গফুর এটঅল ২০১৫)।

The idea of Ru-Ban originates from the conceptualization of human settlements out of series of academic design research and thesis on design and planning of rural settlements conducted by the editor of this book[2] at ArchKU since 2009[3]. Conceptualization of the political vision-statement "amar gram-amar shohor" from a theoretical perspective, has been structured against the insights developed out of three fundamental questions: 1) what is 'rural'? 2) what is 'urban'? and 3) how 'rural' gets converted into 'urban'? Addressing these thought questions has finally framed the philosophical standpoint of Ru-Ban.

**What is 'Rural'?**

Bangladesh is a deltaic landscape of great diversity and complexity in terms of noticeable differences in microclimate, relief, vegetation, cropping, soil condition, land levels, and land-water chemistry, that occur within distance of only one or two kilometres (Brammer 2012,Parvin and Mostafa 2010). For about two thousand years, thousands of villages have been the containers of organic human habitation, shaped by these versatile geomorphological settings (রায় ১৯৯৩, ইসলাম ২০১১, Parvin and Mostafa 2010). In the deltaic landscape of Bangladesh, villages are the unit of our beings, living in harmony with the water-integrated fabric of the 'Ganges-Brahmaputra' delta, physical-spatial expression of the indigenous people's capability, culture and way-of life (অমর্ত্য ২০১৬). History of villages is thus the history of Bangladesh (রায় ১৯৯৩,মোহাম্মদ ২০১৫). Physical, emotional, and psychological wellbeing of the villagers are shaped by the purity of nature, simplicity of human habitation, and dignity of community cohesion. At Gram-Bangla's deepest core lies a human-land-water relationship that grew out of its dynamic physiognomy accrued over thousands of years. Out of this relationship people grew a sense of rootedness in place unique to Bengal delta as much as

[2] The editor, Professor Afroza Parvin has been the Principal Investigator of the undergrad and postgraduate studio design researches and supervisor of the undergraduate and postgraduate design theses.

[3] Two undergraduate studio design researches; ten undergraduate design theses; one postgraduate design research; and two postgraduate theses at ArchKU.

এই প্রকৃতি বান্ধব গ্রামগুলোই প্রাণপ্রাচুর্যময় স্বতঃস্ফূর্ত ভূমি ব্যবহার গ্রামীণ সামাজিক ভূপরিসর বিনির্মাণ করে (ব্রামার ২০০২)। সামাজিক ভূপরিসরই গ্রামীণ মানুষের যাপিত জীবন জীবিকার প্রজ্ঞা ও স্বক্ষমতার পরিচয় বহন করে (অমর্ত্য ২০১৬)।

গ্রাম সম্পর্কিত উপরোক্ত উপলব্ধি চারজন বিশিষ্ট ব্যক্তির- একজন কবি, একজন ভিনদেশী ধর্মযাজক, একজন স্থপতি ও একজন রাজনীতিবিদ এর গ্রাম-দর্শনের সাথে মিলে যায়, যা কিনা নতুন ভাবনার সুযোগ তৈরি করেছে।

কবিঃ
পল্লীকবি জসীম উদ্দিন তাঁর নকশিকাঁথার মাঠ, সোজন বাধিয়ার ঘাট, নিমন্ত্রণ এর পরতে পরতে গ্রামীণ ভূপরিসরের রূপ রস গন্ধের বর্ণনা করেছেন। তাঁর লেখনীর মাঝে গ্রামীণ জনজীবনের আবেগ অনুভূতি, আনন্দ বেদনা, উৎসব, লোকাচার তথা সাংস্কৃতিক পরিমণ্ডলের সূক্ষ্মাতি সূক্ষ্ম দিকগুলো ফুটে উঠেছে (রহমান ২০১৪)। তাঁর ভাষায় -

'তুমি যাবে ভাই, যাবে মোর সাথে - নরম ঘাসের পাতে,
চুম্বন রাখি অম্বরখানিরে মেজে লয়ো নিরালাতে।'

যুগ যুগ ধরে জসীম উদ্দিনের এই 'নরম ঘাসের পাতে' ধারণ করেই স্বদেশীয় স্থাপত্য বিকশিত হয়েছে। প্রাকৃতিক উপাদানের ছোঁয়ায় তৈরি এই স্বদেশীয় স্থাপত্যের রূপকার গ্রামের সাধারণ মানুষ। তাঁদের বসতি সক্রান্ত অসাধারণ বিশেষায়িত জ্ঞান, যেখানে স্থাপত্য,পরিকল্পনা, ভূতত্ত্ব, নির্মাণ প্রকৌশল, নৃবিজ্ঞান ইত্যাদি শাস্ত্রের লোকজ জ্ঞানের মিশেল ঘটেছে। এই লোকজ জ্ঞান সমৃদ্ধ বসতি বিশেষজ্ঞরা প্রচলিত সনদ স্বীকৃত বিশেষজ্ঞদের থেকে হাজার বছরের অভিজ্ঞতালব্ধতার কারণেই ভিন্ন।

ভিনদেশী ধর্মযাজকঃ
ইতালির অধিবাসী ফাদার মারিন রিগ্যন তাঁর জীবনের ষাট বছর গ্রামকে ভালবেসে বাংলাদেশের গ্রামে কাটিয়েছেন। দীর্ঘ সময় বসবাসের মধ্যদিয়ে বাংলাদেশের গ্রামীণ বসতির সাথে তাঁর একটি গভীর আবেগের সম্পর্ক তৈরি হয়েছে। যা তাঁর লেখনীতে ফুটে উঠেছে- (রিগন ২০১০)

'আমার গ্রামের স্থাপত্য রূপটা যেন ঘুরে ফিরে
পেয়েছি তা বাংলাদেশের দরিদ্র মানুষের কুঁড়েঘরে'

[4] *Palli Kobi* Jasim Uddin grew up in Gabindapur village, situated on the bank of Kumar Nod, Faridpur, adjacent to the study area.

connectivity in space farfetched beyond the delta '(Ghafur et al. 2015). The villages together constitute the societal landscape with land use that is in harmony with nature, organic, vibrant, and serene (Brammer 2002) and expressive of their capability and wisdom to address the needs of life and livelihood (অমর্ত্য ২০১৬).

In line with this general understanding, the studio explored the notion of 'rural' through the eyes of four philosophers: a poet, a stranger (a foreign priest), an architect, and a politician towards shaping the Ru-Ban philosophy.

*The poet:* Polli Kobi Jasim Uddin depicted the essence of rural landscape in his epic poems like 'Nokshi Kathar Math' and 'Nimontron'. He attempted to draw brilliant details of the cultural landscape - rural festivals, folklore, and extent of beauty-love-affection of rural people (উদদীন ১৯২৯, রহমান ২০১৪). In his words (রহমান ২০১৪):

'তুমি যাবে ভাই, যাবে মোর সাথে - নরম ঘাসের পাতে,
চুম্বন রাখি অম্বরখানিরে মেজে লয়ো নিরালাতে।'

Since ages, Jasim Uddin's "নরম ঘাসের পাত", i.e. the green landscape of the villages are furnished with vernacular settlements and architecture, planned and designed through agglomeration of natural environmental attributes and contributions from thousands of local 'habitat experts': architects, planners, geographers, civil engineers, builders, contractors, sociologists, anthropologist, design ethnographers, archaeologists, historians, environmental psychologists, sustainability experts, ecologists, bouls, fakirs, resilience experts, adaptation experts, and millions of inhabitants. The only difference between these local 'habitat experts' and graduate built environment professionals is that, the first ones do not have degree certificate unlike the latter ones, but have thousand years of real-life experience in planning and designing sustainable settlements that the latter ones do not have.

স্থপতিঃ

স্থপতি মাজাহারুল ইসলামের চোখে গ্রামীণ জীবনযাত্রা প্রকৃতিগত নয়টি মূল্যবোধের বহিঃপ্রকাশ - ধর্মনিরপেক্ষতা, প্রেক্ষিত সংশ্লিষ্টতা, সমন্বিত সাংস্কৃতিক স্বরূপতা, জলবায়ুগত স্বস্তি, প্রকৃতির সাথে সঙ্গতিপূর্ণতা, লোকজ স্থাপত্য, পরিমিতিবোধ, পার্থিব এবং ক্রয় স্বক্ষমতা। তাঁর ভাষায়- (আশরাফ এবং হক ২০১৪)

'গ্রাম মূলত একটি অনুভূতির ব্যাপার'

গ্রামীণ ভূপরিসরের মাহাত্ম্য সম্পর্কিত মাজাহারুল ইসলামের ধারনাটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রশংসা করেন। বঙ্গবন্ধুর গ্রামীণ মনস্তত্ত্বে গ্রাম-সম্পৃক্ত ভৌত-পরিসর পরিকল্পনায় বরাবরই জন-মুখিতা বিবেচ্য বিষয় ছিল, যা কিনা মাজাহারুল ইসলাম সঠিক ভাবে উপলব্ধি করেছিলেন। বঙ্গবন্ধু ১৯৭৫ সালে তাঁর 'সমবায়ী গ্রাম' উন্নয়ন কৌশল ঘোষণা করেন, যার গ্রামীণ ভৌত-পরিসর পরিকল্পনার রূপকল্পটি তিনি মাজাহারুল ইসলামকে অবহিত করেন। বঙ্গবন্ধু গ্রামীণ জীবন এবং এর ভূপরিসরকে একটি পরিকল্পনার আওতায় আনার জন্য মাজাহারুল ইসলামকে ভূমিকা রাখতে অনুরোধ জানান। তাঁরা দুজনই বিশ্বাস করতেন- 'গ্রামীণ' হওয়াতেই 'বাঙালি' হওয়া (আশরাফ ২০১৪)।১৯৭৫ এ বঙ্গবন্ধুর নির্মম হত্যাকাণ্ডের কারণে বঙ্গবন্ধুর গ্রাম-সম্পৃক্ত ভৌত পরিকল্পনার রূপকল্পটি আর আলোর দেখা পায়নি।

রাজনীতিবিদঃ

একজন প্রাজ্ঞ রাজনীতিবিদ হিসাবে শেখ হাসিনা বরাবরই গ্রামীণ জীবনযাত্রা এবং গ্রামীণ ভূপরিসরের প্রশান্তির প্রতি একধরনের ভালবাসা এবং মুগ্ধতা ধারণ করেন। তিনি মনে করেন তাঁর গ্রামীণ শৈশবই তাঁর মনন ও মূল্যবোধকে তৈরি করেছে যার সুবাদে আজ তিনি রাজনীতির জনমঞ্চে অধিষ্ঠিত। তাঁর ভাষায়- (হাসিনা ১৯৮৬)

'(গ্রামের) এর চেয়ে আর কোন আকর্ষণ, মোহ, তৃপ্তি আর কোন কিছুতেই নেই আমার। ধূলিধূসরিত গ্রামের জীবন আমার আজন্মের ভালবাসা। আমার হৃদয়ের গভীরতম অনুভূতি।'

সম্প্রতি তিনি তাঁর অবসর জীবন তাঁর নিজের গ্রাম টুঙ্গিপাড়ায় কাটানোর অভিপ্রায় ব্যক্ত করেছেন (সেলিম ২০১৯a)। তিনি বিশ্বাস করেন, 'গ্রামই আমরা' এবং 'গ্রামই আমাদের জীবন' (হাসিনা ১৯৮৬,২০১৭)।

environmental psychologists, sustainability experts, ecologists, bouls, fakirs, resilience experts, adaptation experts, and millions of inhabitants. The only difference between these local 'habitat experts' and graduate built environment professionals is that, the first ones do not have degree certificate unlike the latter ones, but have thousand years of real-life experience in planning and designing sustainable settlements that the latter ones do not have.

*The stranger,* Father Marino Rigon, an Italian priest, had been emotionally attached to this architectural legacy throughout decades of his lived experiences in a village of Bangladesh. As he reflected on his feeling about the universality of Bengali vernacular architecture as follows (Rigon 2010):

"আমার গ্রামের স্থাপত্য রূপটা যেন ঘুরে ফিরে
পেয়েছি তা বাংলাদেশের দরিদ্র মানুষের কুঁড়েঘরে"

*The Architect:* Muzharul Islam interpreted rural way-of-life as an environmental expression of nine value-driven qualities: secularism, rootedness in the local context, collective cultural identity, climatic comfort, in harmony with nature, local architectural expression, minimalism, materialism, and affordability. In his words (Ashraf and Huq 2014):

"গ্রাম মূলত একটা অনুভূতির ব্যাপার"

Bangabondhu Sheikh Mujibor Rahman appreciated the way Muzharul Islam conceptualized the nobility of rural landscape. The 'rural mind' of Bangabondhu had the vision of village-centric physical-spatial planning with people-centric, contextual approach and architect Muzharul Islam could fully appreciate that. In line with his 'cooperative village' development strategy, in 1975, Bangabondhu expressed his vision regarding physical-spatial planning of villages to Architect Muzharul Islam, and sought for his contribution to revitalize the rural lives and landscape in a planned manner. Both believed in - being 'rural' is being 'Bangali'. Bangabondhu's vision of village-centric physical planning could never saw light due to his brutal assassination in 1975.

**শহরই বা কি?**

মানবিক দৃষ্টিকোণ থেকে এখনকার শহরগুলোকে বিচার করলে দেখাযায় যে গ্রামীণ বসতির সাংস্কৃতিক এবং প্রাতিবেশিক বৈশিষ্ট্যের সমাপ্তি থেকেই যেন নগরায়নের জন্ম হয়েছে (রয় ২০১৫)। প্রকৃতির বিশুদ্ধতা, সহজ বসবাস এবং মানুষের পারস্পরিক সম্পর্কের মর্যাদাই গ্রামে বসবাসরত মানুষের আত্মিক, মানুষিক এবং শারীরিক ভালো থাকার ভিত নির্মাণ করে। অপরদিকে শহুরে জীবনের ভিত নির্মিত হয় মনুষ্য তৈরি ভৌত অবকাঠামো, সুযোগ-সুবিধা, উপযোগ এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের অনুকূল পরিবেশের উপর। আজকের পুঁজিবাদী বিশ্বে শহর মূলত সর্ববৃহৎ বাজার যেখানে শহুরে সুবিধাদি পণ্য হিসাবে বিক্রিত হয় নাগরিক তথা ক্রেতার কাছে (হেয়নেন ২০০০, ক্যাসেলস ২০১১) মূলত পুঁজি বৃদ্ধির উদ্দেশ্যে নাগরিককে ভোক্তায় রূপান্তর এবং অনুভূতি, নৈতিক মূল্যবোধ, আদর্শ ইত্যাদি মানবীয় গুণাবলীর পন্যায়নের মাঝ দিয়েই শহর শহুরে হয়ে উঠে (হেয়নেন ২০০০, ক্যাসেলস ২০১১)। ফলশ্রুতিতে শহরবাসি ক্রমে তাঁর অজান্তেই একটি অসুস্থ জীবনযাপনে অভ্যস্ত হয়ে পড়ে এবং আবহমানকাল ধরে লালিত মানবিক মূল্যবোধের রূপান্তর ঘটে (হেয়নেন ২০০০)। মানবিক গুণাবলি সম্পন্ন মানুষ ভোগবাদী শহুরে জীবনে বেমানান হয়ে পড়ে। শহুরে জীবনযাপন এবং প্রতিবেশের উপর ভোগবাদী সংস্কৃতির প্রভাবের সাথে সামাজিক অবক্ষয় এবং অপরাধ প্রবণতা সরাসরি সম্পৃক্ত (হেয়ওয়ার্ড ২০০৪)। শুধুমাত্র ঢাকা শহরে সামাজিক অবক্ষয় এবং অপরাধের মাত্রাই এর প্রমাণ বহন করে।

**গ্রাম কেমন করে শহর বোনে যায়?**

শহরের প্রয়োজনে পরিবর্তিত ভূমির ব্যবহার, সম্পদ আহরণ, বাণিজ্য, পন্যায়ন, অভিপ্রয়ান গ্রামগুলোকে পালটে দিচ্ছে, যা চিরায়ত গ্রামীণ বৈশিষ্ট্য নয়। নব্বই দশকের শুরু থেকে নব্য উদারনীতির প্রভাবে গ্রামীণ সামাজিক ভূপরিসর ক্রমাগত অর্থনৈতিক কর্মকাণ্ডের স্থানে রূপান্তরিত হচ্ছে। যার ফলে মানুষের জীবন, জীবিকা, বসতি এবং প্রকৃতির সাথে সম্পর্ক পাল্টে যাচ্ছে (গফুর এট অল. ২০১৫)।

গত দশক থেকে সরকারের ইতিবাচক পরিকল্পনার ফলে গ্রাম পর্যায়ে যোগাযোগ ব্যবস্থা, বিদ্যুৎ, স্বাস্থ্যকেন্দ্র, তথ্য প্রযুক্তি, মোবাইল ফোন ইত্যাদি সুবিধাদি পৌঁছে যাওয়ায় গ্রামীণ জীবন জীবিকায় আমূল পরিবর্তন সাধিত হয়েছে (হোসেইন এবং বায়েস ২০১৮)। কৃষির আধুনিকীকরণ, রপ্তানিমুখি শিল্প কারখানা, এবং বৈদেশিক মুদ্রার প্রভাবে চিরায়ত গ্রামীণ সমাজে শহুরে প্রভাব বেড়েছে (গফুর এট অল। ২০১৫)। গ্রামীণ বাংলাদেশ আজ কৃষিভিত্তিক ঐতিহ্য ও

*The politician:* Sheikh Hasina possesses a deep belongingness to the love and affection of rural life, and tranquillity of rural landscape. She owes her 'rural' childhood for shaping all the human qualities and values she possesses. As expressed in her words:

"(গ্রামের) এর চেয়ে আর কোন আকর্ষণ, মোহ, তৃপ্তি আর কোন কিছুতেই নেই আমার।
ধুলি-ধুসরিত গ্রামের জীবন আমার আজন্মের ভালোবাসা। আমার হৃদয়ের গভীরতম অনুভূতি।"

Recently she has explicitly expressed her willingness to spend her retired life in Tungipara - her very own village (সেলিম ২০১৯a), as she believes, 'rural are us', and 'the villages are our life'(হাসিনা ১৯৮৬, ২০১৭ ).

**What is 'urban'?**

From a human perspective, the notion of urban is hypothesized from the standpoint of an absence. Absence of rural-ness constitute urbanization of everything (Roy 2015). This is evident in the cities of Bangladesh which are devoid of what constitute rural. In 'rural' habitat, physical, emotional, and psychological wellbeing of inhabitants is shaped by the purity of nature, simplicity of human habitation, and dignity of community cohesion. While existence of urban is characterized by the presence of economic opportunities, human built physical infrastructure, services, facilities, and amenities for so called 'civic' life. In today's capitalist world, 'urban' is the largest market place, where 'urbanity' represents the biggest commodity, where cities are the 'shops', and citizens are the 'consumers' (Heynen 2000, Castells 2011). In a market place, commodification of things followed by profit making is the core phenomenon. In today's urban world, individuality matters as human qualities like feeling, emotions, values, principles, morals, are the most lucrative commodities. The worse the qualities, the easier to commodify those . As a result, no matter someone wants it or not, urban dwellers are gradually becoming accustomed to an unhealthy lifestyle. Where consumer culture reigns, quality human becomes intruder in urban life. The impact of consumer culture

তথাকথিত আধুনিকতার টানাপোড়নের মাঝ দিয়ে যাচ্ছে (মুখার্জী ১৯৭১)। একদিকে এই রূপান্তর গ্রামীণ অর্থনীতিতে দারিদ্র বিমোচন এবং জীবিকার প্রসার মাঝ দিয়ে গ্রামকে লাভজনক বাজারে পরিণত করছে, অন্যদিকে এই অর্থনৈতিক উন্নয়ন তাড়িত রূপান্তর আদৌও মানুষের সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষিতকে ধারণ না করায় চিরায়ত গ্রামীণ জীবনধারার গুণাবলি বিপদাপন্ন হয়ে পড়ছে (সেলিম ২০১৮b)।

ঐতিহাসিকভাবে গ্রাম পর্যায়ে কোন সুপরিকল্পিত উন্নয়ন পরিকল্পনা এবং প্রাতিষ্ঠানিক কাঠামো না থাকায়, গ্রামীণ জীবনধারা ও পরিবেশের চেয়েও অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় অবকাঠামো প্রাধান্য পাচ্ছে। এই উন্নয়নের নেতিবাচক প্রভাব ইতিমধ্যে পরিবর্তিত গ্রামীণ জনপদে দৃশ্যমান, যেমন- ১। জল-সম্পৃক্ত গ্রামীণ বসতির জলাধার ভরাট হচ্ছে। ২। মানুষ ও প্রকৃতির সঙ্গতিপূর্ণ সম্পর্ক বিনষ্ট হচ্ছে। ৩। গ্রামীণ আচার ও মূল্যবোধের বিকৃতি ঘটছে। ৪। সামাজিক সম্প্রীতির পরিসর বিনষ্ট হচ্ছে। এবং ৫। লোকজ শিল্প সংস্কৃতি বিলুপ্ত হয়ে যাচ্ছে।

গ্রামীণ বসতির নগরায়ন বিশ্বের সকল প্রান্তেই ঘটছে। গত দুই দশক ধরে এই রূপান্তর প্রক্রিয়াকে সঠিক পথে চালিত করার জন্য পাশ্চাত্যের গবেষকরা বেশকিছু তত্ত্ব ও পন্থা উদ্ভাবন করেছেন। যা পাশ্চাত্য ও প্রাচ্যের বিভিন্ন দেশে প্রয়োগ করা হয়েছে। যার মাঝে ডেসাকোটা, এক্সআরবিয়া, রুরবান এবং রুরালোপলিস এরকম কিছু উল্লেখযোগ্য তত্ত্ব (জিই, ব্যাটি, এবং ঝাও ২০০৭, ম্যকগি ১৯৯১)। এই তত্ত্বগুলো মূলত গ্রাম এবং শহরকে দুটি ভিন্ন বিষয় হিসাবেই মেনে নিয়েছে। এই বিভাজন প্রাকৃতিক, সামাজিক, রাজনৈতিক দৃষ্টিকোণ থেকেও প্রতিষ্ঠা লাভ করেছে। সাধারণভাবে গ্রামীণ স্বকীয়তা আদৌও এ সকল তত্ত্বে প্রতিষ্ঠিত হয়নি।

শহর কেন্দ্রিক দৃষ্টিকোণ থেকে গ্রামকে শহরের পারিসরিক অংশ হিসাবে নির্ধারণ করা হয়েছে। যেমন- শহর প্রান্ত, শহরতলী, শহর পরিপার্শ্ব, দুই শহরের মধ্যবর্তী পশ্চাৎ ভূমি ইত্যাদি অঞ্চলকে গ্রামীণ আখ্যায়িত করা হয় এবং শিল্প কারখানা, অর্থনৈতিক সুবিধাদি ও নাগরিক পরিসেবা না থাকাকে গ্রামীণ বৈশিষ্ট্য হিসাবে ধরা হয়। বাংলাদেশের সংস্কৃতি সংবেদনশীল গ্রামীণ প্রেক্ষাপটে এই রূপ তত্ত্ব অনুগামী উন্নয়ন গ্রামীণ জনপদের গুণাবলী বিনষ্ট করতে পারে।

গ্রাম, শহর এবং গ্রাম থেকে শহরে রূপান্তরের বিষয়ে উপরোক্ত ভাবনালব্ধ উপলব্ধি এবং এক যুগের গবেষণালব্ধ ধারনাই গ্রাম-নগর ভাবনাকে মূর্ত করেছে। গ্রাম-নগর তত্ত্ব গ্রাম ও শহরের বিভাজনকে

on the lived urban experience and spatial dynamics of the city, in turn, can explain urban transgression and criminality . Everyday crime reports on (child) rape, killing of loved ones, open-air brutal killing of innocent person, corruption, sexual harassment, crime of youth gangster etc. in Dhaka city alone are symptomatic of this claim.

**How 'rural' gets converted into 'urban'?**

Land conversion, resource accumulation, trading, commodification, migration, displacement are some phenomena, not-characteristic to 'rural', but are happening in rural settlements. With the advent of neo-liberalism in Bangladesh since the early 1990s, the rural landscape has been increasingly turning into economic space, changing people's way-of-living, livelihood, spatial practices, and their relationship to nature '.

Since last decade, rapid transformation in the rural life and livelihoods has been taking place due to government's positive policies, productive programs, and effective projects that have led to increased access to infrastructures and services such as roads, electricity, community clinics, information technology, internet, satellite TV channels, and mobile phones at village level. As a result, agricultural modernization, export-oriented industries, and remittance inflow have been redefining the age-old rural-urban relationship by bringing rural areas under an increasing urban influence '. Villages of Bangladesh are now at a crossroad, between agrarian tradition and so called 'modernity' '. On one hand, this transformation is reducing poverty, bringing economic prosperity, diversifying livelihood options, and gradually transforming the villages into profitable market places. While, on the other hand, such economic development-led transformation, that has little or no consideration of its impact on the socio-cultural construct of rural life, is threatening the human, cultural, social, and environmental qualities inherent in rural way-of-life.

Historically, rural settlements of Bangladesh did neither undergo any radical and formal planning intervention,

বর্জন করে। গ্রাম-নগরের মৌলিক ভাবনার ক্ষেত্র তাই 'গ্রামায়ন', 'নগরায়ন' নয়। গ্রামায়নের পন্থা হবে গ্রামের চিরায়ত জীবন ও জীবিকার উৎকর্ষ সাধনের জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধাদির ব্যবস্থা করা। গ্রামায়নের মূল বিশ্বাসের ভিত্তি হল- শহর যদি উন্নত মানব বসতির একক হয়, তবে গ্রাম নিজগুণেই সেই এককের সূতিকাগার। অতএব উন্নত জীবনধারার দৃষ্টিকোণ থেকে গ্রাম-নগর তত্ত্ব এই সিদ্ধান্তে উপনীত হয় যে, জীবন ও জীবিকার উৎকর্ষ গ্রামায়নের মধ্যেই নিহিত। এভাবেই গ্রাম-নগর দর্শন 'আমার গ্রাম আমার শহর' বলতে চিরায়ত গ্রামীণ বৈশিষ্ট্যে বিশ্বাস স্থাপনকেই বোঝায়।




গ্রাম নগরের দার্শনিক দৃষ্টিকোণ
Philosophical Standpoint of Ru-Ban

[5] *Desakota*: Asian continental version of extended urban area. A composite mould of urban fringe and rural backside in between two large cities with very high density population and intermix of agricultural and non-agricultural activities.

[6] *Exurbia*: Small and mixed community in the outskirt of the city with very high density of people. There is rural house, industrial infrastructure spread in agricultural and forestry areas.

[7] *Rurban*: Urban growth driven transformed landscape of city surroundings that includes both functional changes (e.g. increasing demands for residential and recreational uses) and structural changes (e.g. new land uses, constructions and infrastructures in the rural areas) – built up areas being the most radical. The *rurban* ingredients are found in the city as well as in rural settlements. The activities of farming and poultry farm in urban area and industry in the village area are the examples of *rurban*.

[8] *Ruralopolis*: Rural-based terminology, unlike the above city-based terminologies. Partially irregular areas, neither village, nor city with high density population in settlements spread in agricultural land and forest. Amalgamation of metropolitan space formation with more importance in rural economic and social systems. If the financial basis of the *Ruralopolis* starts to be influenced by the economic activity of the metropolis, it can gradually be transformed into '*Desakota*'.

nor there has been adequate institutional structure (Alam, Asad, and Kabir 2016). Given this uncertainty of policy context, mere economic development-led transformation of rural areas is vulnerable to the risks of losing its inherent qualities of life, livelihood, and environment. Negative impacts of such development are already visible in 'converted' rural areas, such as: 1) deformation of water-integrated organic vernacular settlements; 2) destruction of the harmonious relationship between human and natural environment; 3) perversion of social norms and values; 4) deculturization of social spaces and social cohesion; and 5) extinction of folk arts and culture.

Conversion of 'rural' to 'urban' is a universal phenomenon. Western scholars have developed several theoretical models and approaches that have been applied to address issues surrounding rural-urban continuum in the western and Asian context since last two decades. *Desakota*, *Exurbia*, *Rurban*,and b*Ruralopolis* are some popular models among these (Xie, Batty, and Zhao 2007, McGee 1991, Hiner 2016, Kingsley 1966, Qadeer 2000). Basic conceptual frameworks of these models sustain the differences between rural and urban, and the division continues to be compelling from environmental and socio-political standpoints. In general, notion of 'rural' is not well-defined in these models. From a city-based perspective, 'rural' is defined with regard to spatial relation to the 'urban' areas (e.g. urban fringe, sub-rub, city outskirt, city surrounding, countryside, rural-backside in between cities etc.) with absence of industries, farms, and financial services. Therefore, in the name of development, adoption of such planning models in the culturally-sensitive rural context of Bangladesh comes with serious risks of losing all the good qualities of 'rural' settlements.

Insights gained from the above thoughts and ideas regarding the questions of 'rural', 'urban', and rural to urban conversion; coupled with the conceptualization out of one decade of academic research, have been the shapers of Ru-Ban (Rural-Urban) philosophy. Ru-Ban model refuses to recognize the rural-urban divide.




ACHR, 2010

The notion of Ru-Ban stands for ruralisation, instead of urbanization, through expansion of optimum services and facilities characteristic to quality of life and livelihoods. Basis of this ruralisation is in the belief that – if 'urban' is tantamount to human habitat with 'quality of life', then being 'urban' (i.e. civic) is rooted in being 'rural' (i.e. sensible). From this 'quality of life' perspective, the Ru-Ban model suggests: anything so called 'urban' has to be 'rural' to become the setting of dignified human habitat. Thus, philosophically Ru-Ban envisions the politics of "*amar gram-amar shohor*" as "*believing in the way rural is*".

### ৫.১.৩ গ্রাম-নগরের মূলনীতি
### 5.1.3 Ru-Ban Principles

গ্রাম-নগর দর্শনটি পাঁচটি মূলনীতির উপর ভিত্তি করে তৈরি হয়েছে।

মূলনীতি ১ - মানবিক মর্যাদা ও স্বক্ষমতা ধারণ করে এমন প্রকৃতি সমন্বিত প্রতিবেশকে মূল্য দেয়া।

মূলনীতি ২ - চিরায়ত সামষ্টিক সাংস্কৃতিক স্বকীয়তার পারিসরিক বৈশিষ্ট্য সমূহ সংরক্ষণ ও সমুন্নত করা।

মূলনীতি ৩ - মানুষের সম্প্রীতি লালন করার জন্য সামাজিক-পারিসরিক পরিবেশের উন্নতি সাধন করা।

মূলনীতি ৪ - প্রকৃতি সমন্বিত বসতির প্রাকৃতিক উপাদানগুলোর প্রতি সংবেদনশীল থাকা।

মূলনীতি ৫ - সকলের জন্য অন্তর্ভুক্তিকর সাম্য ভিত্তিক ও গুনগত মান সম্পন্ন বসবাসের পরিবেশ নিশ্চিত করা।

গ্রামীণ বসতি পরিকল্পনায় গ্রাম-নগর তত্ত্বটি উপরোক্ত মূলনীতি সমূহের পারিসরিক উপাদানগুলো ধরে রাখার উপর গুরুত্ব আরোপ করে। মানবিক মর্যাদা ও সক্ষমতার পারিসরিক উপাদান বলতে প্রকৃতি সমন্বিত চিরায়ত ঘর, বাড়ি, পাড়া এবং গ্রামের বসবাসের সামগ্রিক পরিবেশকে বুঝায়। যা কিনা সমন্বিত ভাবে নারী পুরুষ জাতি ধর্ম ও আর্থ সামাজিক অবস্থা নির্বিশেষে সকলের শারীরিক, মানুষিক এবং আত্মিক ভালো থাকা নিশ্চিত করে। সামষ্টিক সাংস্কৃতিক স্বকীয়তার পারিসরিক উপাদান বলতে ব্যবহারিক, অব্যবহারিক, নির্দিষ্ট, অনির্দিষ্ট, প্রতীকী, কাল্পনিক, বাস্তবিক, মনস্তাত্ত্বিক,

The Ru-Ban philosophy "*believing in the way rural is*", implies five core principles:

Principle 1: Value nature-integrated built environmental qualities that shape human dignity and capability


Principle 2: Uphold socio-spatial dimensions of collective cultural identity

Principle 3: Strengthen social space system to nurture community cohesion

Principle 4: Promote environmental stewardship in nature-integrated habitat, and

Principle 5: Ensure inclusive, equitable, and quality living environment for all

Ru-Ban emphasises on retaining the spatial dimensions of the main themes of these principles, while approaching rural settlement planning. Spatial dimensions of *human dignity and capability* include nature-integrated familial living environment at house, homestead, neighbour, and village levels. Together, these dimensions ensure physical, emotional, and psychological wellbeing of the inhabitants and nurture their self-esteem and capability to contribute to the society, irrespective of their gender, ethnicity, age, religion, and socio-economic status. Spatial dimensions




**Conceptual Framework of Ru-Ban Model**

সামাজিক বা ব্যবসায়িক পরিসর বোঝায়, যা গ্রামীণ জীবনধারার মূর্ত বা বিমূর্ত উপাদান, ক্রিয়াকলাপ, আচারাদি এবং উপস্থাপনের ক্ষেত্র হিসাবে কাজ করে। মানুষের সম্প্রীতির পারিসরিক উপাদান বলতে ঘরে-বাইরে ব্যক্তি এবং সমষ্টির সাথে অতিমানবীয় উপাদানের মেলবন্ধনের ক্ষেত্রগুলোকে বোঝায়। প্রকৃতি সংবেদনশীল পারিসরিক উপাদান বলতে মানুষ ও প্রকৃতি এবং নির্মিত ও প্রাকৃতিক উপাদানের মিথস্ক্রিয়ার স্থান বোঝায়। সাম্য ভিত্তিক ও গুনগত মান সম্পন্ন বসবাসের পরিবেশ বলতে অভিগম্য, স্বাগতপূর্ণ, সহজ প্রবেশ্য, নিরবিভেদ প্রাকৃতিক ও প্রাতিবেশিক পরিসর বোঝায়।

of *collective cultural identity* include functional, non-functional, identifiable, un-identifiable, symbolic, imaginary, mental, real, social or commercial spaces that contain tangible and intangible elements, activities, and performances of rural way-of-life. Spatial dimensions of *community cohesion* include human interpersonal, and communal interaction spaces; and more-than-human interaction points, lines, and containers at indoor, semi-outdoor, and outdoor levels (Panelli 2009). Spatial dimensions of *environmental stewardship* include all the intersection points where interactions between human & environment, and built & natural elements take place. Finally, spatial dimensions of inclusive, equitable, and quality living environment include natural and built environment that are accessible, welcoming, permeable, free from discrimination, and healthy.

[9] For details, Panelli, R. (2009). More-than-human social geographies: posthuman and other possibilities. *Progress in Human Geography*, 1-9.

## ৫.১.৪ গ্রাম-নগর পন্থা
## 5.1.4 Ru-Ban Approach

গ্রাম-নগর একটি দ্বিমাত্রিক পন্থা। এটি লোকজ জ্ঞান সমৃদ্ধ মানুষ কেন্দ্রিক অংশগ্রহণমূলক পরিকল্পনা। যেখানে প্রথম মাত্রা, তথা - 'লোকজ জ্ঞান আহরণ' হল প্রাক পরিকল্পনা কর্মকাণ্ড। অপরদিকে দ্বিতীয় মাত্রা, তথা - 'মানুষ কেন্দ্রিক অংশগ্রহণ মূলক পরিকল্পনা' হল উন্নয়ন পরিকল্পনা কর্মকাণ্ড। এই পন্থা প্রাক পরিকল্পনা কর্মকাণ্ড তথা লোকজ জ্ঞান আহরণকে বিশেষভাবে গুরুত্ব দেয়। গ্রাম-নগর পন্থায় যে কোন প্রেক্ষিতের সহজাত পরিকল্পনা ও বিন্যাস সংক্রান্ত গবেষণালব্ধ জ্ঞান, মানব বসতি পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্ত। আবহমান কাল ধরে গ্রামীণ মানুষের তৈরি সহজাত পরিকল্পনা ও বিন্যাসের মধ্য দিয়ে গ্রামগুলো গড়ে উঠেছে। সে দৃষ্টিকোণ থেকে গ্রাম-নগর তত্ত্ব মনে করে, স্বতঃস্ফূর্ত এই মানব বসতিতে বিশেষজ্ঞ প্রণীত আনকোরা পরিকল্পনা বা বিন্যাস অপ্রয়োজনীয়। বরং অন্তর্নিহিত গ্রামীণ পরিকল্পনা ও বিন্যাসের তাৎপর্য বুঝে তাকে সমুন্নত রাখাই বসতি পরিকল্পনার উদ্দেশ্য হওয়া উচিত। এই অর্থে প্রচলিত পরিকল্পনা ও বিন্যাসের স্থলে পুনর্বিন্যাস, পুনঃপরিকল্পনা, পুনরুজ্জীবন, মান উন্নয়ন ইত্যাদি পন্থা প্রযোজ্য।

Ru-Ban is a two-fold planning approach. It is a process of '*people-centric participatory planning by learning from local knowledge*'. The first fold '*learning from local knowledge*' is pre-planning activity, while the second fold '*people-centric participatory planning*' is development planning activity. This approach focuses on pre-planning activity, i.e. learning from local knowledge. It necessitates developing research-driven contextual knowledge-base on the inherent planning and design solutions that had been derived by the local people since ages, as the precondition of any planning intervention. Since, in the 'rural' areas, there are settlements exist everywhere, in question of physical-spatial planning intervention in rural settlements, Ru-Ban suggests to promote the terminologies such as 'revitalization', 'redevelopment', 'resettlements', 'rehabilitation', 'renewal', 'upgrading' and so on. It refers to the notion of 'further improvement planning', instead of fresh 'planning' or 'design' acts, as, traditionally, these terminologies are more attached to expert-driven top-down process.

## ৫.১.৫ গ্রাম-নগর পরিকল্পনা প্রক্রিয়া
## 5.1.5 Ru-Ban Planning Process

ইতোপূর্বে ২.৩ পরিচ্ছদে নগর ও গ্রামীণ অধিদপ্তরের পাঁচ স্তরের পরিকল্পনা প্রক্রিয়া আলোচিত হয়েছে, যে ধাপগুলো হল- ১। উপ-আঞ্চলিক পরিকল্পনা, ২। গঠন পরিকল্পনা, ৩। শহর এলাকা পরিকল্পনা, ৪। গ্রাম এলাকা পরিকল্পনা, এবং ৫। কর্ম এলাকা পরিকল্পনা। পূর্বে আলোচিত গ্রাম-নগরের তাত্ত্বিক ও দার্শনিক কাঠামোর ভিত্তিতে গ্রাম-নগর পন্থা প্রচলিত পাঁচ স্তর বিশিষ্ট পরিকল্পনা প্রক্রিয়াটিকে আরও প্রেক্ষিত অনুগামী এবং গ্রাম সংবেদনশীল করার উদ্দেশ্যে চার স্তর বিশিষ্ট পরিকল্পনা প্রক্রিয়া প্রণয়ন করে।

As discussed earlier in details in section 2.3, UDD practices the five-tiered planning process, that includes: 1) *Sub-Regional Planning*; 2) *Structure Planning*; 3) *Urban Area Planning*; 4) *Rural Area Planning*; and 5) *Action Area Planning*. Based on the framework discussed above, theoretical-philosophical Ru-Ban approach suggests some articulations to this five-tiered planning process towards making it more contextual, and rural-sensitive.

গ্রাম-নগরের চার স্তর বিশিষ্ট পরিকল্পনা প্রক্রিয়ায় তৃতীয় ও চতুর্থ উভয় স্তরে তিনটি করে ধাপ সন্নিবেশিত হয়েছে।

স্তর ১ - উপ-আঞ্চলিক পরিকল্পনা

স্তর ২ - গঠন পরিকল্পনা

স্তর ৩ - গ্রাম-নগর অঞ্চল পরিকল্পনা

ধাপ ১- প্রাক-পরিকল্পনা গবেষণা ও জ্ঞান আহরণ

ধাপ ২- সাংস্কৃতিক ভূপরিসর পরিকল্পনা

ধাপ ৩- পরিকল্পনা পরবর্তী উপজেলা ভিত্তিক ব্যবস্থাপনা

স্তর ৪ - গ্রাম-নগর বসতি পরিকল্পনা

ধাপ ১- প্রাক-পরিকল্পনা গবেষণা ও জ্ঞান আহরণ

- মানবিক পরিকাঠামো পুনরুজ্জীবন পরিকল্পনা সংশ্লিষ্ট জ্ঞান ও তথ্য (মানচিত্র ও সামাজিক-পারিসরিক তথ্যের উদাহরণ- সামাজিক -পরিসরের মানচিত্র, গতিবিধি-মিথস্ক্রিয়া মানচিত্র, সাংস্কৃতিক কর্মকাণ্ডের মানচিত্র, অতি মানবীয় বস্তু সমূহের মানচিত্র ইত্যাদি)।
- মানব সম্পদ উন্নয়ন পরিকল্পনা সংশ্লিষ্ট জ্ঞান ও তথ্য (মানচিত্র ও সামাজিক-পারিসরিক তথ্যের উদাহরণ- স্বক্ষমতার মানচিত্র, মানব সম্পদের মানচিত্র ইত্যাদি)।
- প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সংশ্লিষ্ট জ্ঞান ও তথ্য (মানচিত্র ও সামাজিক-পারিসরিক তথ্যের উদাহরণ- প্রকৃতিগত বৈশিষ্ট্যের মানচিত্র, হরিৎ ক্ষেত্রের মানচিত্র, প্রাকৃতিক জলাধাররের মানচিত্র, বৃক্ষ পর্ণরাজির মানচিত্র, বাস্তুতন্ত্র পরিসেবা মানচিত্র, মানব-প্রকৃতির মানচিত্র, দুর্যোগ অভিঘাতের মানচিত্র ইত্যাদি)।
- ভৌত অবকাঠামো পুনরুজ্জীবন পরিকল্পনা সংশ্লিষ্ট জ্ঞান ও তথ্য (মানচিত্র ও সামাজিক-পারিসরিক তথ্যের উদাহরণ- ভূমি ব্যবহারের মানচিত্র, জল কেন্দ্রিক যোগাযোগের মানচিত্র, সড়ক যোগাযোগের মানচিত্র, রাস্তা ও পায়ে হাঁটা পথের মানচিত্র, উন্মুক্ত পরিসরের মানচিত্র ইত্যাদি)।

ধাপ ২ - মানুষ কেন্দ্রিক অংশগ্রহণ মূলক পরিকল্পনা

ধাপ ৩ -পরিকল্পনা পরবর্তী গ্রাম সমবায় ভিত্তিক ব্যবস্থাপনা।

Ru-Ban planning process includes Four-Tiered Framework for comprehensive planning with three phases under both Tier III and Tier IV:

**Tier I: Sub-Regional Planning**

**Tier II: Structure Planning**

**Tier III: Ru-Ban Area Planning**

Phase I: Pre-Planning Research & Knowledge Development

Phase II: Cultural Landscape Planning

Phase III: Post-Planning *Upazila*-Based Management


**Tier IV: Ru-Ban Settlements Planning**

Phase I: Pre-Planning Research & Knowledge Development

- Knowledge and Information for Human Infrastructure Re-Vitalisation Planning (example of maps and socio-spatial data: social space mapping, moment-encounter mapping, cultural activities mapping, more-than-human objects mapping, etc.)
- Knowledge and Information for Human Resource Development Planning (example of maps and socio-spatial data: capability mapping, human resource, etc.)
- Knowledge and Information for Ecological Resources Conservation Planning (example of maps and socio-spatial data: natural features mapping, green space mapping, water reservoir mapping, tree-foliage mapping, eco-system services mapping, human-nature interface mapping, disaster impacts mapping, etc.)
- Knowledge and Information for Physical Infrastructure Re-Vitalization Planning (example of maps and socio-spatial data: land use mapping, water-based communication mapping, road communication, street-path mapping, open-space mapping, etc.)

Phase II: People-Centric Participatory Planning

Phase III: Post-Planning Village Cooperative-Based Management




**Comparative Diagram of Traditional and Ru-Ban Planning Process**

## ৫.১.৬ প্রচলিত পরিকল্পনা প্রক্রিয়ায় সংযোজন সমূহঃ
## 5.1.6 Overview of Changes to Traditional Planning Process

গ্রাম-নগর তত্ত্বটি প্রচলিত পাঁচ স্তর বিশিষ্ট পরিকল্পনা প্রক্রিয়ায় নিম্নলিখিত পাঁচটি সংযোজন প্রস্তাব করে-

১। প্রতি স্তরের মূল উদ্দেশ্য ভৌত অবকাঠামো ভিত্তিক অর্থনৈতিক উন্নয়ন নয়, বরং মানবীয় মূল্যবোধ জাত অন্তর্ভুক্তিমূলক সাম্যভিত্তিক এবং সংবেদনশীল উন্নয়ন।

২। গ্রাম শহরের বিভাজন দূর করে, গ্রাম ও শহরের জন্য দুটি ভিন্ন ভিন্ন স্তর পরিকল্পনার পরিবর্তে একটি পরিকল্পনা স্তর তথা 'গ্রাম-নগর অঞ্চল পরিকল্পনা' সংযোজন।

৩। পঞ্চম স্তরে ব্যবহৃত পরিভাষা 'কর্ম এলাকা' এর পরিবর্তে 'গ্রাম-নগর বসতি' সংযোজন।

৪। তৃতীয় এবং চতুর্থ উভয় স্তরে তিন ধাপ বিশিষ্ট পরিকল্পনা প্রক্রিয়া সংযোজন।

৫। তৃতীয় এবং চতুর্থ উভয় স্তরের প্রতিটি ধাপে প্রাক পরিকল্পনা গবেষণা ও জ্ঞান আহরণের উদাহরণ সংযোজন।

With regard to the traditional five-tiered planning process, Ru-Ban planning process incorporates following five apprises:

1) For each tier, main planning goal emphasises human values-driven inclusive, equitable, and sustainable development over physical infrastructure-driven economic development.

2) Elimination of rural-urban divide through replacing two separate tiers for rural and urban planning by a single planning tier for a single planning area, i.e 'Ru-Ban'. Thereby, it merges *Tier III: Rural Area Planning*, and *Tier IV: Urban Area Planning* into one tier – *Tier III: Ru-Ban Area Planning.*

3) It replaces the terminology used in fifth tier, i.e. 'Action Area' by 'Ru-Ban Settlements', that forms the fourth tier of Ru-Ban Model as *Ru-Ban Settlements Planning.*

4) It introduces Three-Phased planning process for Ru-Ban *Tier III* and *Tier IV*.

5) It includes examples of detailed activities for the pre-planning research & knowledge development phase.

## ৫.১.৭ গ্রাম-নগর নীতি নির্দেশনা
## 5.1.7 Ru-Ban Policy Guidelines

গ্রাম-নগর নীতিমালা প্রনয়েনের জন্য নিম্নলিখিত দশটি নির্দেশনা অনুসরনীয়।

নির্দেশনা ১ - গ্রামই হবে মানুষ প্রকৃতি সহাবস্থানের মূল একক। গ্রাম পর্যায়ে প্রাত্যহিক সামাজিক, পারিবারিক জীবন ও জীবিকা প্রাকৃতিক পরিবেশের সাথে সামাঞ্জশ্যপূর্ণ হবে।

নির্দেশনা ২ - গ্রামের সামাজিক পারিসরিক গঠনের মূল ভিত্তি হল সামাজিক পরিসর বিন্যাস। শিশু-নারী-প্রবীণ বান্ধব এবং সংস্কৃতি সংবেদনশীল সামাজিক পরিসর বিন্যাসের উপর ভিত্তি করে সকল প্রকার ভৌত-সামাজিক-সাংস্কৃতিক-অর্থনৈতিক অবকাঠামো ও পরিসেবা পরিকল্পনা করতে হবে।

নির্দেশনা ৩ - রাষ্ট্রের আইনসিদ্ধ গ্রাম সমবায় হবে প্রাতিষ্ঠানিক-রাজনৈতিক-অর্থনৈতিক-প্রশাসনিক একক। যে কোন ধরনের উপযোগ, বাস্তুতন্ত্র পরিসেবা এবং যৌথ সামাজিক সুবিধাদি এই গ্রাম সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদান করতে হবে।

নির্দেশনা ৪ - বসত-বাড়ি কেন্দ্রিক উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকাণ্ড, বহু পরিবার ভিত্তিক অর্থকরী শাকসবজি চাষ, মৎস্য চাষ এবং হাঁস মুরগি, গবাদি পশুপালন, ক্ষুদ্র কুটির শিল্প কারখানা স্থাপিত করতে হবে।

নির্দেশনা ৫ - বসতি হবে সাংস্কৃতিক ভূপরিসরের একক। বসতি বলতে বর্তমান সামাজিক সম্প্রীতির পরিধির উপর ভিত্তি করে পাঁচ থেকে দশটি গ্রাম বুঝায়, যা কিনা গ্রামীণ মানুষের জীবন জীবিকার বিস্তার দ্বারা নির্ধারিত। বসতি পর্যায়ে প্রযুক্তি নির্ভর ক্ষুদ্র কৃষি ও অকৃষি ভিত্তিক শিল্প কারখানা, তথ্য প্রযুক্তি ভিত্তিক ব্যবসা কেন্দ্র, বরফ কল, খাদ্য গুদাম সহ প্রয়োজনীয় ভৌত-অর্থনৈতিক-জীবিকা নির্বাহের প্রয়োজনীয় সুযোগ সুবিধাদি এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র থাকবে। এই সকল পরিসেবা ও পরিকাঠামো সন্নিবেশিত ক্ষেত্রই হবে গ্রাম-নগর ক্রমান্নোয়ন কেন্দ্র।

নির্দেশনা ৬ - যাত্রী ও মালামাল পরিবহনের জন্য প্রাথমিক যোগাযোগ ব্যবস্থা হিসাবে লুপ্তপ্রায় জল নির্ভর ব্যবস্থাকে পুনরুদ্ধার করতে হবে। সড়ক, রাস্তা এবং পায়ে হাঁটা পথকে আনুষঙ্গিক ব্যবস্থা হিসাবে জল নির্ভর যোগাযোগ ব্যবস্থার সাথে সমন্বিত করতে হবে।

In view of upholding these core principles, Ru-Ban suggests following ten policy guidelines:

Guideline 1: Village has to be the main 'social-cultural-environmental' unit of human-environment co-habitation. Every day family life, social life, and livelihood activities are to be mingled in harmony with the natural environment at village level.

Guideline 2: Existing 'Social Space System' (SSS) is the core 'socio-spatial-structure' shaping a village. Child-women-elderly friendly and culture-sensitive SSS has to be the basis of all the physical-social-cultural-economic infrastructures, services, and facilities planning.

Guideline 3: 'Village Cooperative' has to be in place (legislated by the government) as the basic institutional-political-economic-administrative unit. Utilities, eco-system services, and community facilities are to be provided at this village level institution.

Guideline 4: Homestead is to be the place of home-based economic activities, multi-family shared productive homestead vegetation, cattle-poultry-fish farming, and small cottage industries for folk handicrafts.

Guideline 5: Settlement (tantamount to a *Union* in the present institutional structure) is to be the unit of 'cultural-landscape'. Settlement includes cluster of villages (roughly 5-10 villages), needs to be demarcated by the villagers based on the existing socio-spatial domain of community cohesion. Technology-driven, agro-based small industries, and non-farm industries, IT-based business centre, growth centre, cold storage, and physical-economic-livelihood infrastructures and facilities are to be provided at settlement level.

নির্দেশনা ৭ - প্রাথমিক এবং আনুষঙ্গিক যোগাযোগ ব্যবস্থাসমূহ বসতি এবং বাস্তুতন্ত্রের সাথে সংবেদনশীল ভাবে সমন্বিত হবে।

নির্দেশনা ৮ - জ্বালানি, বিদ্যুৎ, পানি, সেচ ইত্যাদির মূল উৎস হবে নবায়নযোগ্য শক্তি। জৈব বর্জ্যকে সম্পদে পরিণত করতে হবে। পরিবেশ বান্ধব এবং স্বাস্থ্যকর উপায়ে সুপেয় পানি, পয়ঃনিষ্কাসন ও বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে পুনঃ ব্যবহার এবং পুনর্ব্যবহার নিশ্চিত করতে হবে।

নির্দেশনা ৯ - প্রাকৃতিক জলাধার সমূহ গ্রাম পর্যায়ে গ্রাম সমবায়ের মাধ্যমে সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। বৃষ্টির পানিকে জীবনের ধারা হিসাবে ধারণ করা এবং প্রতিটি বসত বাড়িতে বৃষ্টির পানি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা সংযুক্ত করতে হবে।

নির্দেশনা ১০ - গ্রামীণ জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নারী। এই জনগোষ্ঠীকে উপার্জনক্ষম জনশক্তিকে রূপান্তরিত করতে হবে। নারীদের গ্রাম-নগর বসতি পরিকল্পনা, বিন্যাস বাস্তবায়ন ও ব্যবস্থাপনার প্রতিটি পর্যায়ে পুরুষের সম সংখ্যায় নিযুক্ত করতে হবে।

Guideline 6: Water-based communication line is to be revived as the primary transportation network for people and goods, supplemented by the secondary networks of roads-streets-paths.

Guideline 7: Communication networks are to be integrated with settlement-specific productive landscape and existing 'land-water-plant' eco-system.

Guideline 8: Renewable energy has to be the primary source of energy. Organic waste is to be valued as resource and environmentally safe and healthy water, solid-waste, and sludge management, reuse, and recycling are to be ensured.

Guideline 9: Natural surface water reservoirs have to be conserved and maintained by community-based management at village level. Rainwater is to be considered as 'drops of life', and household-based rainwater harvesting is to be ensured for safe drinking water.

Guideline 10: Female constitutes half of the productive work force. They are to be involved in the same proportion at every sphere of Ru-Ban settlements planning, design, implementation and management process.

ষষ্ঠ অধ্যায়
Chapter Six

# কুমার নদ তীরবর্তী বসতির সামাজিক-পারিসরিক পুনরুজ্জীবন

# Socio-spatial Re-vitalization along Kumar Nod in Faridpur

## ৬ কুমার নদ তীরবর্তী বসতির সামাজিক-পারিসরিক পুনরুজ্জীবন


৬.১ বিবেচ্য বিষয় এবং উদ্দেশ্য নির্ধারন ১০৭
৬.২ সামাজিক স্থানসমূহের বিশ্লেষণ ও নকশা প্রণয়ন ১১১
৬.২.১ জনসমাগমের স্থানে জনসংখ্যার ঘনত্বের মানচিত্র ১১২
৬.২.২ প্রকৃতির সাথে সম্পর্কিত কর্মকান্ডের মানচিত্র ১১৩
৬.২.৩ ভূমি ব্যবহার দ্বারা প্রভাবিত কর্মকান্ডের মানচিত্র ১১৪
৬.২.৪ ঘাটলা-কুমার নদ পাড়ের অবিচ্ছেদ্য সামাজিক মেলবন্ধনের স্থান ১১৫
৬.২.৪.১ বিভিন্ন প্রকার ঘাটলার পরিকাঠামোগত বৈশিষ্ট্য পর্যালোচনা
৬.২.৪.২ ঘাটলা কেন্দ্রিক মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৪.৩ ঘাটলা কেন্দ্রিক সাংস্কৃতিক ও অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৪.৪ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.৫ রামকৃষ্ণ ঘাটলার বিশদ বিশ্লেষণ ১২৩
৬.২.৫.১ রামকৃষ্ণ ঘাটলায় নারী-পুরুষের সহাবস্থান
৬.২.৫.২ রামকৃষ্ণ ঘাটলায় মিথস্ক্রিয়ার প্রকার
৬.২.৫.৩ রামকৃষ্ণ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া
৬.২.৫.৪ রামকৃষ্ণ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৫.৫ রামকৃষ্ণ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৫.৬ রামকৃষ্ণ ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.৬ হাজী শরিয়তুল্লাহ বাজার কেন্দ্রিক সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ ১২৯
৬.২.৬.১ হাজী শরিয়তুল্লাহ বাজারের নারী-পুরুষের সহাবস্থান
৬.২.৬.২ হাজী শরিয়তুল্লাহ বাজারে মিথস্ক্রিয়ার প্রকার
৬.২.৬.৩ হাজী শরিয়তুল্লাহ বাজারে অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৬.৪ হাজী শরিয়তুল্লাহ বাজারে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া
৬.২.৬.৫ হাজী শরিয়তুল্লাহ বাজারে নদীর তীরবর্তি মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৬.৬ হাজী শরিয়তুল্লাহ বাজার কেন্দ্রিক সামাজিক স্থানে মানুষ ও স্থাপনার মিথস্ক্রিয়া
৬.২.৬.৭ হাজী শরিয়তুল্লাহ বাজার কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.৭ বিসর্জন ঘাটলার সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ ১৩৯
৬.২.৭.১ বিসর্জন ঘাটলায় নারী-পুরুষের সহাবস্থান
৬.২.৭.২ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৭.৩ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া
৬.২.৭.৪ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানে মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৭.৫ বিসর্জন ঘাটলা কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.৮ লোহার ব্রিজের সামাজিক স্থানের বিশদ বিশ্লেষণ ১৪৭
৬.২.৮.১ লোহার ব্রিজে নারী-পুরুষের সহাবস্থান
৬.২.৮.২ লোহার ব্রিজে মিথস্ক্রিয়ার ভিন্নতা
৬.২.৮.৩ লোহার ব্রিজে অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৮.৪ লোহার ব্রিজে সাংস্কৃতিক মিথস্ক্রিয়া
৬.২.৮.৫ লোহার ব্রিজে মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৮.৬ লোহার ব্রিজ কেন্দ্রিক সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.৯ ময়রা পট্টি এলাকার বিশদ বিশ্লেষণ ১৫২
৬.২.৯.১ ময়রা পট্টি এলাকায় নারী-পুরুষের সহাবস্থান
৬.২.৯.২ ময়রা পট্টি এলাকায় অর্থনৈতিক মিথস্ক্রিয়া
৬.২.৯.৩ ময়রা পট্টি এলাকায় মানব-প্রকৃতির মিথস্ক্রিয়া
৬.২.৯.৪ ময়রা পট্টির সামাজিক স্থানের নকশা প্রণয়ন
৬.২.১০ কুমার নদ পাড়ের বসতির সমন্বিত নকশা ১৫৭

# 6 Socio-spatial Revitalization along Kumar Nod in Faridpur


6.1 Framing Issues and Setting Objectives 107

6.2 Analysis and design of Social Spaces 111

6.2.1 Population density mapping of public places 112

6.2.2 Mapping activity related with nature 113

6.2.3 Mapping activity influenced by landuse 114

6.2.4 'Ghatla' - inseparable social spaces along Kumar Nod 115

6.2.4.1 Infrastructural analysis of different types of 'Ghatla'

6.2.4.2 Human nature interactions at 'Ghatla'

6.2.4.3 Cultural and Economic interactions at 'Ghatla'

6.2.4.4 Proposed design of social spaces at 'Ghatla'

6.2.5 Detail analysis of social spaces at 'Ramkrisna Ghatla' 123

6.2.5.1 Co-existence of men and women at Ramkrisna Ghatla

6.2.5.2 Various interaction at Ramkrisna Ghatla

6.2.5.3 Cultural interaction in social spaces near Ramkrisna Ghatla

6.2.5.4 Economic interaction in social spaces near Ramkrisna Ghatla

6.2.5.5 Human-nature interaction in social spaces near Ramkrisna Ghatla

6.2.5.6 Proposed design on social spaces at Ramkrisna Ghatla

6.2.6 Detail analysis of social spaces in 'Hazi Shariatullah Bazar' 129

6.2.6.1 Co-existence of men and women at 'Hazi Shariatullah Bazar'

6.2.6.2 Various interaction at Hazi Shariatullah Bazar

6.2.6.3 Economic interaction in social spaces at Hazi Shariatullah Bazar

6.2.6.4 Economic interaction in social spaces at Hazi Shariatullah Bazar

6.2.6.5 River front human-nature interaction at Hazi Shariatullah Bazar

6.2.6.6 Human-infrastructure interactions ar Hazi Shariatullah Bazar

6.2.6.7 Proposed design on social spaces at Hazi Shariatullah Bazar

6.2.7 Detail analysis of social spaces at 'Visarjan Ghatla' 139

6.2.7.1 Co-existence of men and women at Visarjan Ghatla

6.2.7.2 Economic interaction in social spaces of Visarjan Ghatla

6.2.7.3 Cultural interaction in social spaces of Visarjan Ghatla

6.2.7.4 Human-nature interaction in social spaces of Visarjan Ghatla

6.2.7.5 Proposed design on social spaces at Visarjan Ghatla

6.2.8 Detail analysis of social spaces at 'Lohar Bridge' 147

6.2.8.1 Co-existence of men and women at Lohar Bridge

6.2.8.2 Different interaction at Lohar Bridge

6.2.8.3 Economic interaction at Lohar Bridge

6.2.8.4 Cultural interaction at Lohar Bridge

6.2.8.5 Human-nature interaction at Lohar Bridge

6.2.8.6 Proposed design of social spaces at Lohar Bridge

6.2.9 Detail analysis of 'Moyra Patti' 152

6.2.9.1 Co-existece of men and women at Moyra Patti

6.2.9.2 Economic interaction at Moyra Patti

6.2.9.3 Human-nature interaction at Moyra Patti

6.2.9.4 Proposed design of social spaces at Moyra Patti

6.2.10 Overall design proposal of settlement along Kumar Nod 157

## ৬.১ বিবেচ্য বিষয় এবং উদ্দেশ্য নির্ধারণ

## 6.1 Framing Issues and Setting Objectives

যেকোন উন্নয়ন পরিকল্পনার পদক্ষেপ গ্রহণের আগে উপযুক্ত বিবেচ্য বিষয় নিরুপণ এবং সে অনুযায়ী উদ্দেশ্য নির্ধারণ অত্যাবশ্যকীয়। আর উপযুক্ত বিবেচ্য বিষয় নিরুপণের জন্য প্রয়োজন গুনোগত বৈশিষ্ট্য সম্পন্ন পর্যাপ্ত তথ্য ও তথ্য সংগ্রহের যথাযথ পদ্ধতি। বসতির গতানুগতিক পরিকল্পনার ক্ষেত্রে যেসকল অসঙ্গতি দেখা দেয়, তার মূল কারন কোন স্থানের তথ্য সংগ্রহ ও পর্যালোচনার জন্য যে পদ্ধতি গ্রহণ করা হয়, তাতে বস্তুগত পরিকাঠামোকে প্রাধাণ্য দেয়া হয়, কিন্তু এই পরিকাঠামো তৈরির পেছনে মানুষের সামাজিক পরিকাঠামোকে উপেখ্যা করা হয়। আর তাই বিবেচ্য বিষয় নির্ধারণে একটি বসতির সবচেয়ে গুরুত্বপূর্ণ গঠনগত বৈশিষ্ট্য উপেখ্যিত হয় এবং তার সামাজিক মেলবন্ধনের স্থানসমূহ তথা বসতির নিজস্বতা হারিয়ে ফেলে। টেকসই বসতি পরিকল্পনায় কোনো কর্ম এলাকার বিবেচ্য বিষয় নির্ধারণে সর্বপ্রথম তার সামাজিক মেলবন্ধনের স্থানসমূহের দিকে দৃষ্টিপাত করার এবং সেই আলোকে সাংস্কৃতিক, অর্থনৈতিক ও পরিবেশগত বিষয়গুলোকে বিশ্লেষন করার প্রস্তাব দেয় 'গ্রাম-নগর'

Before initiating any development plan, it is necessary to determine appropriate considerations and objectives accordingly. And to determine suitable considerations, proper data collection method and sufficient quality information is need. In data collection and analyzing process, focusing on physical infrastructure only and ignoring social infrastructure of settlement arises contradiction in settlement which is very common outcome of conventional planning process. And so, settlements most important structural feature gets ignorance in issue framing and loses its identity and valuable social spaces. But the philosophy of Ru-Ban proposes to look at the social interaction spaces first while determining action area for sustainable settlement planning and to analyze cultural, economic

| কর্তব্য | কর্মের কর্তা | কর্ম পর্যায় | কর্মকাণ্ড | প্রাপ্তি |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রারম্ভ | জনসাধারণ ↔ রাজনীতিবিদ | বিবেচ্য বিষয় নির্ধারণ | জনমত সভা | রূপকল্প, মতামত |
| যৌথ সংলাপ | শিক্ষাবিদ, পেশাজীবি ↔ জনসাধারণ | | কর্মশালা | তথ্য, মানচিত্র, পি আর এ |
| জনমত উপস্থাপন | শিক্ষাবিদ, পেশাজীবি ↔ রাজনীতিবিদ | | দ্বিপক্ষীয় আলোচনা | কর্ম এলাকা |
| প্রতিক্রিয়া | শিক্ষাবিদ, পেশাজীবি ↔ জনসাধারণ | অগ্রাধিকার নির্ধারণ | নির্দিষ্ট গোষ্ঠীর সাথে আলোচনা | তথ্য, মানচিত্র, পি আর এ |
| সরকারি অনুমোদন | রাজনীতিবিদ | | সংসদীয় ভোট | সরকারি আদেশ |
| কৌশল নিরুপন | রাজনীতিবিদ এবং শিক্ষাবিদ | | কর্মশালা | কৌশলগত সিদ্ধান্ত |
| আপস-আলোচনা | জনসাধারণ, পেশাজীবি শিক্ষাবিদ, রাজনীতিবিদ | | কর্মশালা | দ্বন্দ্ব, উপযুক্ততা |
| বাস্তবায়ন প্রস্তাবনা | পেশাজীবি ↔ রাজনীতিবিদ | বাস্তবায়ন | দ্বিপক্ষীয় আলোচনা | পরীক্ষামূলক নমুনা |
| প্রতিক্রিয়া | রাজনীতিবিদ → পেশাজীবি ← জনসাধারণ | | কর্মশালা | মতামত |
| স্থাপন | পেশাজীবি ↔ জনসাধারণ | | নির্মাণ এবং মূল্যায়ন | পরিকাঠামোগত ও অপরিকাঠামো গত সিদ্ধান্ত |
| সামনের পথে | পেশাজীবি জনসাধারণ রাজনীতিবিদ | | পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ | গ্রাম-নগর |

অংশগ্রহণমূলক পরিকল্পনার পদ্ধতিগত কাঠামো

| Roles | Actor | Stages | activity | Outcome |
|---|---|---|---|---|
| Development initiation | People ↔ Politicians | Issue framing | Public meeting | Vision, Opinion |
| Collective dialogue | Professionals + Academicians ↔ people | | workshop | Data, Map, PRA demand |
| Presenting peoples concept | Professionals + Academicians ↔ Politician | | Bilateral conversation | Action area |
| feedback | Professionals + Academicians ↔ People | Prioritization | Focused Group Discussion | Data, Map, PRA demand |
| Government Approval | Politicians | | Parliamentary Vote | Government order |
| Strategy fixation | Professionals + Academicians | | workshop | Strategic Decision |
| negotiation | people, Professionals + Academician, politician | | workshop | Conflict Suitability |
| Implementary considerations | Professionals ↔ Politician | implementation | Bilateral conversation | simulation |
| feedback | Politician → Professionals ← People | | Workshop | opinion |
| installation | Professionals ↔ People | | Construction & evaluation | Infrastructural and non-infrastructural outcome |
| Bringing towards | Professionals People Politician | | Maintenance and monitoring | Ru-Ban |

Methodological framework for participatory planning

দর্শন। আর সেই লক্ষ্যে নিরীক্ষণের পদ্ধতিগত কাঠামো নিরুপণ করা এবং সামাজিক মেলবন্ধনের স্থানসমূহ ও তার আন্তঃসংযোগকে বিশ্লেষণের জন্য এলাকাভিত্তিক মিথক্রিয়ার ধরণসমূহ ও গুণগত বৈশিষ্ট্যসমূহকে সংবেদনশীলভাবে মানচিত্রে নথিভুক্ত করা প্রয়োজন। অতিপ্রাচীণকাল থেকেই ফরিদপুর সদর উপজেলা 'কুমার নদ সংলগ্ন প্রাকৃতিক ভূদৃশ্য', 'সমৃদ্ধ সামাজিক-সাংস্কৃতিক জীবনধারা', 'শক্তিশালী সামাজিক বন্ধন'-এর জন্য সুপরিচিত। তারই ছাপ পাওয়া যায় এই জলসংলগ্ন ভূমিরই সন্তান পল্লী কবি জসীমউদ্দীনের "নকশী কাঁথার মাঠ" ও "সোজন বাদিয়ার ঘাট" খ্যাত কিংবদন্তী সাহিত্যে এবং এই ভূমিতেই উৎপাদিত হয় বিশ্বের সর্বোৎকৃষ্ট মানের পাট- "সোনালি আঁশ"। গত তিন দশক ধরে এই ভূদৃশ্যটি 'গ্রামীণ' থেকে তথাকথিত 'শহুরে' রূপান্তর প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছে। এই রুপান্তর ঘটছে বহুবিধ উন্নয়ন-সংশ্লিষ্ট নগরায়ন সমস্যা যেমন, অপর্যাপ্ত পরিকাঠামো ও সেবা, পরিবেশ দূষণ, নদী-খাল ভরাট ও দখল, কৃষি জমি রূপান্তর, সামাজিক স্থানের অভাব, সাংস্কৃতিক অনুশীলনের অবচয় এবং নানাবিধ দুর্যোগের প্রভাবকে সাথে নিয়ে। যার ফলশ্রুতিতে একসময়ের সাংস্কৃতিক সমৃদ্ধশালী নদী সংলগ্ন মানব বসতি অন্যান্য শহুরে এলাকার মতই তার সামাজিক-সাংস্কৃতিক নিজস্বতা হারিয়ে ফেলার এবং জীবনযাত্রার, প্রাকৃতিক ও অবকাঠামোগত পরিবেশের মান হ্রাস পাবার হুমকির সম্মুখীন হচ্ছে।

and environmental issues accordingly. For this purpose, developing a methodological framework of caring and analyzing network of social spaces and sensibly documenting place specific qualitative features and interaction pattern on map is necessary. From the very beginning Faridpur Sadar Upazilla is famous for 'Natural landscapes adjacent to Kumar nod', rich socio-cultural life style and strong social bonding. This impression is found in 'Nakshi kathar Maath' and 'Sojon Badiar Ghat', literatures of folk poet Jasim Uddin and 'Golden fiber', the best jute in the world produces in this land. From three decades, this rich cultural landscape is facing so called urbanization. This conversion is happening along with development induced urban crisis, insufficient infrastructure and fascilities, pollution, encroachment of river and canal, conversion of agricultural land, lack of social space, depreciation of cultural practice and impact of natural disasters. As a result, age old river-born, culturaly rich settlement being threatened to lose its' socio-cultural identity and environmental qualities like other urban areas.




অংশগ্রহন মূলক জ্ঞান আহরন পদ্ধতিঃ সামাজিক স্থান অন্বেষণ
Participatory Learning Process: Mapping Social Spaces

ইতোমধ্যেই ফরিদপুর সামাজিক-স্থানিক অবচয়, সহজাত জীবিকা ব্যবস্থার প্রতিস্থাপন, নদী ও মানুষের মিথস্ক্রিয়ায় পরিবর্তনের মত সমস্যাগুলোর মধ্য দিয়ে যাচ্ছে। আর এজন্য এই উপজেলার মূল প্রাণ সঞ্চারক "কুমার নদ" হারিয়ে ফেলছে তার পরিবেশগত বৈশিষ্ট্য এবং ক্রমাগত ময়লা-আবর্জনা ফেলায় পরিণত হচ্ছে একটি বড় 'ড্রেইন'-এ। কুমার নদের দুঃখের গল্পটি এটাই শিক্ষা দেয় যে, ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য রূপান্তর আবশ্যম্ভাবি কিন্তু তার ত্রুটিযুক্ত পরিকল্পনা প্রক্রিয়া একটি মানব বসতির নিজস্বতাকে বিসর্জন দিয়ে ফেলতে পারে।

এমতাবস্থায় ফরিদপুর সদর উপজেলার স্বত্বাকে বাঁচিয়ে রাখতে এর মূল প্রাণ সঞ্চারক "কুমার নদ" পাড়ের মানব বসতির পরিকল্পনার ক্ষেত্রে পূর্বে উল্লেখিত সমস্যা ও সম্ভাবনাগুলোকে 'গ্রাম-নগর'-এর দার্শনিক দৃষ্টিকোণ থেকে কাঠামোবদ্ধ করলে মূল যে বিষয়গুলো বিবেচনা করা প্রয়োজন তা হল-

**বিবেচ্য বিষয় ০১:** সামাজিক মেলবন্ধনের বৈশিষ্ট্যের সাথে অসামঞ্জস্যপূর্ণ পরিকাঠামো তৈরি

**বিবেচ্য বিষয় ০২ :** প্রয়োজনীয় পরিকাঠামোর অভাবে কুমার নদের পরিবেশগত বৈশিষ্ট্য ও মানব-প্রকৃতির সহজাত

Already it is battling with socio-spatial degradation, replacement of indigenous livelihood pattern and deviations in human-river interaction etc. As a consequence, 'Kumar Nod' the prominent life line of faridpur facing natural degradation and becoming a big drain filled with dirt and garbedge. The story of Kumar Nod reflects the fact that increasing need, development and change is unavoidable but problems of planning process can exile own identity of a culturally rich settlement.

Mean while, to keep the Faridpur entity alive, for planning settlements along 'Kumar Nod', under the observation of Ru-Ban framed issues are-

**Issue 01:** Building infrastructures that are incompatible with social cohesion attributes

**Issue 02:** Degradation of environmental characteristics of Kumar Nod and inherent human-nature interaction due to Absence of Necessary infrastructure




সামাজিক স্থানের বিশ্লেষণী কাঠামো
Analytical framework social space

কুমার নদকে ঘিরে গড়ে ওঠা সামাজিক মেলবন্ধনের স্থানগুলো ক্রমশ তাদের নিজস্ব বৈশিষ্ট্য হারানোর আশঙ্কার সম্মুখীন হচ্ছে। এর পেছনে সবচেয়ে বড় কারন হল কুমার নদ পাড়ের অপরিকল্পিত পরিকাঠামো যা সামাজিক মেলবন্ধনের বৈশিষ্ট্য ও মানব-প্রকৃতির সহজাত মিথষ্ক্রিয়াকে বিবেচনা না করে গড়ে উঠছে এবং একই সাথে কুমার নদের পরিবেশগত অবক্ষয় ঘটছে। আর তাই উপরোক্ত বিবেচ্য বিষয়কে মাথায় রেখে সামাজিক-সাংস্কৃতিক দিক থেকে সমৃদ্ধশালী এই মানব বসতিকে টেকসই করণের লক্ষ্যে তার সামাজিক মেলবন্ধনের স্থানসমূহের পরিকাঠামোগত পুনরুজ্জীবন অত্যাবশ্যকীয়। এই লক্ষ্যে গৃহীত উদ্দেশ্যসমূহ নিম্নরূপ -

০১। কুমার নদ সংলগ্ন বসতির সামাজিক মেলবন্ধনের স্থানসমূহ চিহ্নিতকরন।
০২। সামাজিক মেলবন্ধনের স্থানসমূহ তৈরির সাংস্কৃতিক-অর্থনৈতিক-পরিবেশগত প্রেক্ষাপট নিরূপণ।
০৩। কুমার নদের সাথে মানুষের মিথষ্ক্রিয়ার পরিকাঠামোগত বৈশিষ্ট্য বিশ্লেষণ।
০৪। সামাজিক মেলবন্ধনের বৈশিষ্ট্যকে অটুট রেখে উন্নয়ন চাহিদা পূরণে ন্যূনতম পরিকাঠামোগত পদক্ষেপ গ্রহণ ও নীতিমালা প্রনয়ণ।

Social spaces along 'Kumar Nod' are facing challenges of losing inherent qualities. Unplanned infrastructure is increasing without considering human-river interactions and at the same time, environmental degradation of 'Kumar Nod' is happening. To address problems discussed above, revitalization of social spaces is essential for developing a sustainable human settlement along 'Kumar Nod'. The objectives of these goals are as follows -

1. Identifying social spaces of settlements along 'Kumar Nod'.
2. Identifying cultural, economic and environmental influences of growing social spaces.
3. Analyzing qualities of infrastructure that helps interactions of human with 'Kumar Nod'.
4. Adopting minimum infrastructural initiative Keeping social interaction unchanged with policy formation.

## ৬.২ সামাজিক স্থান সমুহের বিশ্লেষণ ও নকশা প্রণয়ন
## 6.2 Analysis and design of Social Spaces

আগামীর উন্নত বাংলাদেশের স্বপ্নকে বাস্তবায়নের জন্য অবিভাজিত গ্রাম-নগর নিশ্চিতকরণ একটি প্রশ্নাতীত চাহিদা। সেই চাহিদাকে মাথায় রেখে সংবেদনশীল বসতি পরিকল্পনা করতে হলে বসতির সামাজিক স্থান সমুহকে চিহ্নিত করে সে অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও নকশা প্রণয়ন প্রয়োজন। কতক গুলো নির্দিষ্ট ধাপের মাধ্যমে এই প্রক্রিয়াটি সম্পন্ন করা যেতে পারে। ধাপ সমূহ নিমরূপঃ

১) জনসমাগমের স্থানে জনসসংখ্যার ঘনত্বের মানচিত্র প্রণয়ন

২) জনসমাগমের স্থানে মানবিক কর্মকান্ডের মানচিত্র প্রণয়ন
   ক) প্রকৃতির সাথে সম্পর্কিত কর্মকান্ডের মানচিত্র
   খ) ভুমি ব্যবহার দ্বারা প্রভাবিত কর্মকান্ডের মানচিত্র

৩) সামাজিক স্থান সমুহের বিশদ বিশ্লেষণ
   ক) সামাজিক স্থান সমুহের পরিকাঠামোগত বিশ্লেষণ
   খ) নারী-পুরুষ এর সহবস্থান এর মানচিত্র
   গ) মানব-প্রকৃতি মিথষ্ক্রিয়ার মানচিত্র
   ঘ) সাংস্কৃতিক মিথষ্ক্রিয়ার মানচিত্র
   ঙ) অর্থনৈতিক মিথষ্ক্রিয়ার মানচিত্র

৪) সামাজিক স্থান সমুহের নকশা প্রণয়ন

To implement the vision of developed Bangladesh, ensuring rural-urban continuum is an unquestionable need. In order to plan sustainable settlements to accommodate the needs, it is necessary to identify social spaces of a settlement and making decision and design accordingly. This process can be accomplished through several steps. steps are as follows:


1) Population density mapping of public places

2) Human activity map of public places
   a) mapping activity related with nature
   b) mapping activity influenced by landuse

3) detail analysis of social spaces
   a) infrastructural analysis of social spaces
   b) mapping co-existence of man and women
   c) mapping human-nature interactions
   d) mapping cultural interactions
   e) mapping economic interactions

4) Proposed design of social spaces

## ৬.২.১ জনসমাগমের স্থানে জনসসংখ্যার ঘনত্বের মানচিত্র
## 6.2.1 Population density mapping of public places




মাধ্যমিক তথ্য গ্রহণ ও প্রাথমিক পর্যবেক্ষণে প্রাপ্ত তথ্য থেকে কুমার নদ পাড়ে মেলবন্ধনের ঘনত্ব ও তার বলয়ের চিত্র পাওয়া যায়। এক্ষেত্রে দেখা যায় যে, একই সামাজিক স্থানে প্রাত্যহিক ও উপলক্ষ অনুযায়ী মেলবন্ধনের ঘনত্বে পার্থক্য রয়েছে। আবার ভিন্ন ভিন্ন স্থানেও একই সময়ে ঘনত্বের পার্থক্য পাওয়া যায়। এথেকে কুমার নদ পাড়ের সর্বাধিক গুরুত্বপূর্ণ সামাজিক স্থানসমূহকে চিহ্নিত করা যায়।

Data from secondary sources and primary observation help to picturesque density of social interactions and their interconnections. Here, the density of social interactions is changeable in the same social space as per daily and occasion and the density changes also in different social spaces. From this, most vibrant social spaces along Kumar Nod can be identified.

## ৬.২.২ প্রকৃতির সাথে সম্পর্কিত কর্মকান্ডের মানচিত্র
## 6.2.2 Mapping activity related with nature




কোন বসতির সামাজিক স্থান গড়ে ওঠার পেছনে তার পরিবেশগত বৈশিষ্ট্যের ভূমিকা অনস্বীকার্য। একই ভাবে ফরিদপুর সদর উপজেলার সামাজিক মেলবন্ধনের মূল প্রাণসঞ্চারক এর মধ্য দিয়ে বয়ে যাওয়া কুমার নদ। কুমার নদের পাড় ধরেই মূলত এখানকার জনবসতির সামাজিক মেলবন্ধনের স্থানগুলো গড়ে উঠেছে, আর এর মধ্যে অন্যতম হল 'ঘাটলা'। নিম্নোক্ত মানচিত্র থেকে তা চিহ্নিত করা যেতে পারে।

The role of environmental characteristics a settlement is undeniable in building its social spaces. In the same way, in Faridpur Sadar Upazila, Kumar Nod is the life-line of social interactions. Here, most of the social spaces are grown along Kumar Nod and 'Ghatla' is the most significant among those. It can be identified from the following map.

## ৬.২.৩ ভুমি ব্যবহার দ্বারা প্রভাবিত কর্মকান্ডের মানচিত্র
## 6.2.3 Mapping activity influenced by landuse




পরিবেশগত বৈশিষ্ট্যের পাশাপাশি সামাজিক মেলবন্ধনের স্থান গড়ে ওঠার পেছনে ভূমিব্যবহার ও পরিকাঠামোগত ব্যবহারের নিবিড় প্রভাব রয়েছে। আর এই প্রভাব পর্যালোচনা করলে দেখা যায় যে, গতানুগতিক পদ্ধতিতে ভূমিব্যবহার মানচিত্রে চিহ্নিত করলেও সামাজিক দৃষ্টিকোণ থেকে ভূমির বা পরিকাঠামোর ব্যবহারে আরও বৈচিত্র পাওয়া যায়।

As like as environmental characteristics, land use and infrastructural use pattern also have impacts on building social spaces. And from social viewpoint, this impact analysis reveals that there are other diversion of use of land and infrastructure.

## ৬.২.৪ ঘাটলা - কুমার নদ পাড়ের অবিচ্ছেদ্য সামাজিক মেলবন্ধনের স্থান

## 6.2.4 'Ghatla'- inseparable social spaces along Kumar Nod

